১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 36 ■ Issue No. 4 ■ 28th January 2023 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভর্তি চলছে
10th, 12th, BA, MA, B.Sc., M.Sc., B.Com., M.Com., B.LiSc.
B.Ed., B.P.Ed., M.Ed., M.P.Ed., D.El.Ed., LLB, LLM
ফার্মেসি, Paramedical, GNM / B.Sc. নার্সিং
BBA, BCA, MBA, MCA, B.Tech, M.Tech, Ph.D



Mr. Samar Haldar
Chairman & Director
HALDAR GROUP (সোনারপুর)
GOVT. REG. No. : IV-1903-00118/2022
www.haldargroup.org
Admission 7044064045

## প্রার্থী বাছাইয়ের অনলাইন টেস্টের প্রশ্ন হবে বাংলায়

# কেন্দ্রীয় সরকারে ১২,৫২৩ মাল্টি টাস্কিং স্টাফ, হাবিলদার

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে ১২,৫২৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। এই পদের শূন্যপদ ১১,৪০৯ থেকে বেড়ে ১২,৫২৩ জন হয়েছে। কোন পদে কোন রিজিয়নে ও কোন রাজ্যে ক'টি শূন্যপদ তা নিচে দেওয়া হল। মাল্টি টাস্কিং স্টাফ পদে লোক নেওয়ার খবর সর্বপ্রথম 'কর্মসংস্থানে' দেওয়া হয়েছিল। এবার শিক্ষাগত যোগ্যতা, বয়স, পরীক্ষা পদ্ধতি, শূন্যপদ ইত্যাদি বিস্তারিতভাবে দেওয়া হল। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবিলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ১৫২.৫ সেমি), বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ১৪৯.৫ সেমি) আর ওজন অন্তত ৪৮ কেজি (গোর্খা ও তপশিলী উপজাতি হলে ৪৬ কেজি)।

বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ ও হাবিলদার (সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সের রেভেনিউ বিভাগের জন্য) ১-১-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে,

☞ এরপর ৭ পাতায়

ICE Academy
WBCS•SSC-MTS
PSC-JE (CE-ME-EE)
ANM/GNM কোচিং
Online ও Classroom
নতুন ব্যাচে ভর্তি চলছে
9804412898
7044517509

Admission 2022-23
GNM
₹ 2,50,000
B.SC. Nursing
₹ 3,50,000
Nilachal Institute of Nursing & Health Sciences
বেথুয়াডহরী, নদীয়া
7363811008, 8906873584

## কোস্ট গার্ডে ২৫৫ নাবিক

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি** : ভারতীয় উপকূল রক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ)' ও 'নাবিক (জেনারেল ডিউটি)' পদে ২৫৫ জন লোক নিচ্ছে। এই পদের ব্যাচ নং : 02/2023. কারা কোন পদের জন্য যোগ্য :

**নাবিক (জেনারেল ডিউটি)** : অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৯-২০০১ থেকে ৩১-৮-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে যোগ্য নন। বেসিক পে সেনাবাহিনীর নিয়মানুযায়ী। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা,

☞ এরপর ২ পাতায়

## নেভিতে ৭০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি** : ভারতীয় নৌবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'এক্সিকিউটিভ (ইনফর্মেশন টেকনোলজি)'-তে কাজের জন্য 'অফিসার' পদে ৭০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং,

☞ এরপর ৫ পাতায়

## জীবনবিমায় ৯,৩৯৪ অ্যাপ্রেন্টিস ডেভেলপমেন্ট অফিসার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : ভারতীয় জীবনবিমা নিগমের কলকাতা পূর্বাঞ্চলে, পূর্ব মধ্যাঞ্চলে, মধ্যাঞ্চলে, উত্তর-মধ্যাঞ্চলে, দক্ষিণ-মধ্যাঞ্চলে, দক্ষিণাঞ্চলে অফিস 'অ্যাপ্রেন্টিস ডেভেলপমেন্ট অফিসার' পদে ৯,৩৯৪ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। জীবনবিমার এজেন্ট বা, জীবনবিমায় কর্মরতরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে,

☞ এরপর ১৫ পাতায়

সরকারি চাকরির পরীক্ষায় রাজ্যে এখন সাফল্যের শীর্ষে
ICS
লক্ষ্য আকাশ ছোঁয়ার
পাঁজির মোড়, চাকদহ, নদিয়া
আর কোন শাখা-প্রশাখা নেই
786-400-2150
97348-65456
কেন্দ্র সরকারে
মাল্টি টাস্কিং স্টাফ
শূন্যপদ : ১২,৫২৩
যোগ্যতা : মাধ্যমিক। ভর্তি চলছে।
WBP * KP * PSC
সমস্ত পরীক্ষার জন্য নিবিড় প্রশিক্ষণ
রাজ্য সরকারে
রাজ্যে একমাত্র ICS-এ
প্রতি সপ্তাহে চারদিন ক্লাস * সাপ্তাহিক মক্-টেস্ট * সাপ্তাহিক জিকে ম্যাট ইংরাজী ও বাংলা মাধ্যমে স্টাডি ম্যাটেরিয়ালস্ * কারেন্ট অ্যাফেয়ার্সের জন্য প্রতি সপ্তাহে স্পেশাল স্টাডি মেটেরিয়াল
ICS-এ ক্লাস নিচ্ছেন কেবলমাত্র রাজ্যের প্রথম শ্রেণীর পত্র-পত্রিকা ও ম্যাগাজিনের বিশেষজ্ঞ ও স্বনামধন্য লেখক-লেখিকারা
ICS-এর কম্বাইন্ড কোর্সে
✔ প্রতি মাসে নতুন ব্যাচ।
✔ চাকরি না পাওয়া পর্যন্ত প্রশিক্ষণ।
✔ প্রতি ব্যাচে 95% এর বেশী সাফল্য।
ফোন : 786-400-2150
97348-65456

## বিমা সংস্থায় ৫০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি** : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, অ্যাগ্রিকালচার ইনসিওরেন্স কোম্পানি অফ ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৫০ জন লোক নিচ্ছে।

আর্টস, সায়েন্স, কমার্স, অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ম্যানেজমেন্ট,

☞ এরপর ৭ পাতায়

ANM (R) & GNM
Guide & Practice Sets
JENPAS Practice Sets
ICDS
সুপারভাইজার অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা
CHALLENGER
চ্যালেঞ্জার বুকস
পূজা প্রকাশনী প্রা.লি.®

## ৩৪ নার্স, টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা** : দক্ষিণ দিনাজপুর জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি স্টাফ নার্স, ল্যাবরেটরি টেকনিশিয়ান, ব্লক পাব্লিক হেলথ ম্যানেজার, ব্লক ডাটা ম্যানেজার পদে ৩৪

☞ এরপর ১১ পাতায়

## জব মেলা ৩০ ও ৩১ জানুয়ারি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : কেন্দ্রীয় সরকারি সংস্থা কলকাতার বোর্ড অফ প্র্যাক্টিক্যাল ট্রেনিং (ইস্টার্ণ রিজিয়ন) কলকাতা, ভুবনেশ্বর, গুয়াহাটি, জামশেদপুর, পটনা

☞ এরপর ৪ পাতায়

ভেতরের পাতায় : ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
■ PSC'র জুনিয়র ইঞ্জি. পদের সম্ভাব্য প্রশ্নোত্তর (মেকা.)

## রেলের গ্রুপ 'ডি' পদের শারীরিক পরীক্ষা শুরু ৩০ জানুয়ারি থেকে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অধীন (বিজ্ঞপ্তি নং আর.আর.সি. ১/২০১৯) পূর্ব রেলে গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষায় সফলদের শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ৩০ জানুয়ারি থেকে ৮ ফেব্রুয়ারি পর্যন্ত, লিলুয়া, আসানসোল ও মালদা কেন্দ্রে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। পি.ই.টি. পরীক্ষার সময় আধার ভিত্তিক বায়োমেট্রিক টেস্ট হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা

☞ এরপর ২ পাতায়

কামাল হোসেনের
SLST (PT), TET, MTS, কম্বাইন্ড কোচিং
● কোর্স ফী - ৮,০০০ টাকা ● ৩-৪ মাসের কোচিং
● সপ্তাহে ২/৩ দিন ১০টা থেকে ৫টা
● প্রতি ক্লাস ৩ ঘণ্টা ● ক্লাসের মধ্যে হাতে কলমে সব কিছু শিখতে পারবেন এবং ক্লাসেই পড়া তৈরি হয়ে যাবে ● প্রতিদিন পড়া ধরা বাধ্যতামূলক
গ্রাম ও শহরের সব শ্রেণির পরীক্ষার্থীদের জন্য এবার
রেকর্ডেড অনলাইন কোচিং
শুরু হবে ফেব্রুয়ারি মাসে। অঙ্কের ২০টি, ইংরিজির ১২টি এবং জিআই-এর ১০টি ক্লাস এককালীন মাত্র ৭০০ টাকা। কেবল অঙ্ক ইংরিজি যারা করবেন তারা এককালীন দেবেন মাত্র ৫০০ টাকা। প্রতি ক্লাস ৪৫ মিনিটের। ঘরে বসে এই কোর্সের মাধ্যমে ভিন্ন বিষয়ের প্রাথমিক জ্ঞান অর্জন করতে পারবেন।
কামাল হোসেন সম্পাদিত বই —
ICDS
মূল্য - ২০০ টাকা




প্রাইমারি টেট
পার্সোনালিটি টেস্ট
মূল্য - ৫০ টাকা
আপনার এলাকার বুক স্টলে পাবেন




কামাল হোসেন কোচিং
১৯, শ্যামাচরণ দে স্ট্রীট, কলেজস্ট্রীট কফি হাউসের ঠিক পিছনে।
ফোন-০৩৩-৩৫৫৪৮৪৮০, ০৩৩-২২৪১০৩০৪ (১১টা-৫টা)
Kamal Hossain Coaching Classes FOLLOW

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
: ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

স্কুল-কলেজ-শিক্ষা

ফিজিওথেরাপী, অপ্টোমেট্রি, নার্সিং, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen Street, Kolkata-9
CM

শিক্ষক-শিক্ষিকা

**ম্যাথ টিচার চাই**
সম্পূর্ণ অভিনব কৌশলে চাকরির পরীক্ষার অঙ্ক করাতে দক্ষ টিচার ইন্টারভিউয়ে আসুন আগামী ২৮ জানুয়ারি ১২-৫টা। ৩ ঘন্টার ক্লাস ৯০০/-। কলকাতার বাইরে গেলে অতিরিক্ত ভাতা পাবেন। কামাল হোসেন কোচিং, ১৯ শ্যামাচরণ দে স্ট্রিট, কলেজ স্ট্রিট।
SH

স্কুল-কলেজ-শিক্ষা

**DPT, ECG ও নার্সিং কোর্স**
DPT (ফিজিওথেরাপি), ECG এবং ANM (নার্সিং) কোর্সে জানুয়ারি সেশনে এখনো ভর্তি চলছে। ক্লাস- শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84, 45A, বাসস্ট্যান্ডের বিপরীতে, 7439213900/8272911322
SA

স্কুল-কলেজ-শিক্ষা

**WBCS, IBPS, SSC**
Above 80% success for All Previous Batch Mrs. Maity, Dum Dum Ph : 98741 21627
SH(A)

ভর্তি Form Fill up থেকে পাশ পর্যন্ত সবরকম গাইড করা হয় UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে BA, BSc, MA, MSc, B.Ed, লাইব্রেরি সায়েন্স, MBA, MCA-সহ যে কোনো কোর্স। Bright Future.: বর্ধমান, আরামবাগ - 8373010007, 9932233506
S

কর্মখালি

Accountant minimum 03 years experienced needed at Women's Interlink Foundation with proficiency in Tally, preparing handling Budget and monthly Accounting, BRS, Balance sheet, FCRA, TDS, GST, MIS etc. Address- 2A, Ballygunge Place East, Kolkata- 700019, Email- wifkolkata@gmail.com
D

সিকিউরিটি গার্ডের জন্য ছেলে চাই। বাঁকুড়া জেলার জন্য। দূরত্ব 40 কিমি। থাকা ফ্রী। মাইনে মাসে 12,000 (12 ঘন্টার জন্য)। Future Group of Company, যোগাযোগ : 8670417692 / 9002223933 (10am to 6pm).
R

কর্মখালি

**মহিলা টেলিকলার চাই**
কলকাতা অফিসে ও বাড়িতে বসে কাজের জন্য অনূর্ধ্ব 40 মহিলা টেলিকলার চাই। মূল বেতন: 10K-14K, সঙ্গে আকর্ষণীয় ইনসেনটিভ। Call/Whatsapp-7076041814
R

**DIRECT JOINING**
Govt.R. No- 63751 এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (৮ম/স্নাতক) 172 M/F কর্মী চাই। বেতন : 21,700/-–52,300/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মি স্বাগত - 9474517076
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি বিনা ডোনেশনে**
100% জবে গ্যারান্টি। পঃবঃ কন্ট্রাক্টরের অধীনে উঃবঙ্গ সহ দক্ষিণ বঙ্গে প্রত্যেকটি জেলায় P.V.T ব্যাঙ্ক (D.S.A) ও এয়ারপোর্টে যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ চলছে, যোগ্যতা : ৮ম/স্নাতক, বেতন : ১৭,৫৫১-৫৫,০০০। P.F., E.S.I, OT বোনাস ও থাকা খাওয়ার সুব্যবস্থা থাকবে। এক্স আর্মিদের সরাসরি নিয়োগ চলছে। 7384115087
SA

কর্মখালি

**জাহাজে ও ডকে জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান M/F নিয়োগ। বেতন: 27,300/-–64,700/-. PF, ESI, ছুটি। 9434565153
SA

**নিয়োগ সমাচার**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P. - স্নাতক। বেতন : 16,700– 42,800। Ex-Armyদের বিশেষ সুযোগ। Whatsapp – C.V পাঠান। Mob : 8537948389
SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. লাইসেন্সপ্রাপ্ত Bank, এয়ারপোর্টে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-–45,700/-. PF, ESI, OT, থাকা-খাওয়া ফ্রি। M : 8902859560
SA

কর্মখালি

**সরাসরি নিয়োগ**
যোগ্যতানুযায়ী নিজ জেলায় ATM গার্ড, S.V ক্লার্ক, টেকার্ড ও বিভিন্ন Co.-তে প্যাকিং, সেকেটারি-এর M কর্মী চাই। বেতন : (13K–22K), যোগাযোগ M : 8961921488
SA

**BANK–AIRPORT**
Govt. Reg.No.-1231: পঃবঙ্গ-সহ উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। (৮ম-স্নাতক)। বেতন (17000–46000), PF, ESI, BONUS-সহ থাকা-খাওয়া ফ্রি। Ex-Army দের বিশেষ সুবিধা। M : 9433632143
SA

Govt. ও প্রাইভেট Bank-এ জেলাভিত্তিক স্মার্ট বাংলাভাষী M/F (18-36) শীঘ্রই চাই। বেতন: INC+OT-সহ 14,282/- 8981331204, 8479947154.
D

কর্মখালি

**প্রাইভেট ব্যাঙ্ক জব স্পট জয়েনিং 2023**
Govt. LC–BDBL-304, নিজের জেলায় যোগ্যতা অনুযায়ী প্রাইভেট ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরি। মোট 180 জন ছেলে ও মেয়ে প্রয়োজন। বেতন : 21,600–43,300। যোগ্যতা - ৮ম পাশ। বয়স - 17–43, বোনাস, PF, ESI, সংরক্ষণ SC, ST, OBC কার্ডসুবিধা। M : 8293482267
SA

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No- WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 17670/-–29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 7602853222
SA

## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ভ্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## দেখে বুঝে পা ফেলুন

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নই।

— সম্পাদক, **কর্মসংস্থান**

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও বক্তব্যের যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আর্থিক সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। **কর্মসংস্থান** পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## কোস্ট গার্ডে ২৫৫ নাবিক

১ পাতার পর

নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও স্বাভাবিক ওজন থাকতে হবে। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা পর্যন্ত গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। শূন্যপদ : ২২৫টি (জেনাঃ ৮৮, ই.ডব্লু.এস. ২২, ও.বি.সি. ৬১, তঃউঃজাঃ ২২, তঃজাঃ ৩২)।

**নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ)** : মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৯-২০০১ থেকে ৩১-৮-২০০৫'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালি ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/৩৬ ও খারাপ চোখে ৬/৩৬। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। যে কোনো রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং-এ বেসিক পে ২১,৭০০ টাকা। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। এই পদ থেকে 'প্রধান অধিকারী' পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথম ধাপের কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষা হবে মার্চে। দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে মে'র মাঝামাঝি। তৃতীয় ধাপের পরীক্ষা হবে সেপ্টেম্বরে।

নাবিক (জেনারেল ডিউটি) পদের বেলায় প্রথম পার্টের অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক-২০টি, বিজ্ঞান ১০টি, ইংরিজি ১৫টি, রিজনিং ১০টি, জি.কে. ৫টি। সময় ৪৫ মিনিট। সাধারণ প্রার্থীরা ৩০ (তপশিলী হলে ২৭) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক-২৫টি, ফিজিক্স ২৫টি। সময় ৩০ মিনিট। সাধারণ প্রার্থীরা ২০ (তপশিলী হলে ১৭) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠ-বোস আর ১০ বার পুশ-আপ। সব বিষয়ে সফল হলে ইন্টারভিউ। শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সব শেষে ডাক্তারি পরীক্ষা হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। সব ধাপের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। দরখাস্ত করবেন অনলাইনে, ৬ ফেব্রুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.cdac.in এজন্য প্রথমে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ৪০ কেবির মধ্যে), সিগনেচার (১০ থেকে ৩০ কেবির মধ্যে), লেফট থাম্ব ইমপ্রেশন, বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'I Agree'তে ক্লিক করে Online Application'এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ভারতীয় সেনাবাহিনী এন.সি.সি. পাশ করা প্রার্থীদের মধ্যে থেকে শর্ট সার্ভিস কমিশনে 'এন.সি.সি. স্পেশাল এন্ট্রি স্কিমে' ৫৪তম কোর্সে ৫৫ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্সের তৃতীয় বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় প্রথম ২ বছরে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এন.সি.সি.'র সিনিয়র ডিভিশনে অন্তত ২ বছর থাকার পর 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড থাকা দরকার।

বয়স হতে হবে ১-৭-২০২৩'এর হিসাবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৮ থেকে ১-৭-২০০৪'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি। ছেলেদের বেলায় ওজন বয়সের সঙ্গে সুসামঞ্জস্যপূর্ণ আর মেয়েদের বেলায় ৪২ কেজি। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮ আর মায়োপিয়া '–3.50'-র কম। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। তখন স্টাইপেন্ড পাবেন। ক্যাডেট ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে শর্ট সার্ভিস কমিশনে চাকরি। তখন ৬ মাস প্রবেশনে থাকতে হবে। মোট ১০ বছরের চাকরি। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৫৫টি। এর মধ্যে ছেলেদের জন্য ৫০টি ও মহিলা ৫টি। যুদ্ধে আহত পরিবারের ছেলেমেয়েদের জন্য যথারীতি সীট সংরক্ষিত।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের গ্রুপ টেস্ট, ইন্টারভিউ ও সাইকোলজিক্যাল টেস্টের 'কল লেটার' পাঠানো হবে। ৫ দিনের পরীক্ষা হবে এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু, কাপুরথালায়। সফল হলে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in প্রার্থী বাছাই পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন : (১) এককার তোলা গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (২) ডিগ্রি কোর্স পাশের মার্কশীটের প্রত্যয়িত নকল, (৩) এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) মাধ্যমিক পাশের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রেলের গ্রুপ 'ডি' পদের

১ পাতার পর

(এক বার সুযোগ পাবেন), (খ) ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ) ৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# সরকারি চাকরি মানেই অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন

## 34+ Candidates finaly Selected in PSC MISC. SERVICES - 2019

**Block welfare officer** / **Backward Classes Welfare**



Sudip Das · Samirul Islam · Abhijit Das · Sarthak Guha · Bishal Das

**Assistant Programing Officer**



Debabrata paul · Md Abir Hossain Gazi · Krishna Gopal Das · Swadha Chakraborty · Tarique Zaidi

**Controller of Correctional Services** / **Consumer Welfare Officer**



Ramiz Mandal, APO · Ipsita Roy, APO · Mainak Chakraborty · Gourab Pal · Debasish Kumar Rakshit

**Savings Department Officer** / **Revenue Inspector**



Sucheta Ganguly · Ananya Chatterjee · Saswati Chowdhury · Swarnali Sil · Dipanjan Chakrabarty

**Revenue Inspector**



Abdur Rahim · Tajmirul Hoque Mirdha · Md. Samim Ahamed · Aroya Bagchi · Md Salman Hossain

**Auditor of Co-operative Societies**



Aditya Ghosh · Nafisha Ahamed · Marufa Sultana · Archisman Pramanik · Rajesh Samanta · Munshi Naushad Hossain

## সফলদের কথা



It's a matter of utter pride being a student of Academic Association . This institution inculcated and infused in me knowledge and confidence with its brilliant mode of Teaching. Specifically I want to mention Samim Sir for his honest endeavor and versatile knowledge which helped me a lot to secure this job .

**TAJMIRUL HOQUE MIRDHA**
**Revenue Inspector, PSC Misc. Exam - 2019**



The way **Academic Association** guides for the personality test from the basic is phenomenal. I am very much thankful to them for adding the finishing touches to my preparation to remove the ominous unemployed tag.

**SUDIP DAS, SOI & BWO, PSC Misc. Exam - 2019**



I started my preparation for competitive exam in 2017 after completing graduation Since then I immersed myself in studies . The path was not smooth and easy. Specially during Covid -19 pandemic I lost my confidence completely but didn't gave up.

The grooming classes here gave me a clear idea about every aspects of personality test in mock interviews.

**ABHIJIT DAS, Block Welfare Officer, PSC Misc. Exam - 2019**



I am very much thankful to Academic Association for guiding me through their mock interviews and scheduled classes to get selected in this exam.

**KRISHNA GOPAL DAS, Assistant Programing Officer, PSC Misc. Exam - 2019**

## টার্গেট WBCS PRELIM 2023

ডব্লুবিসিএস প্রশিক্ষণের সেরা প্রতিষ্ঠান অ্যাকাডেমিকঅ্যাসোসিয়েশন

WBCS-2023 প্রিলিমের জন্য চালু করছে

### WBCS 2023 : PRELIM MOCK TEST SERIES

।। ২০০ নম্বরের সিলেবাস ভিত্তিক ১৫ টি মকটেস্ট (অনলাইন ও অফলাইন) ।। ৩০টি মকটেস্ট সহ প্রিলিম মকটেস্টের একটি বই (Published by Mc. Graw Hill)।। ।। কারেন্ট অ্যাফেয়ার্স আপডেট ২০২২ (সফ্ট কপি) ।। সামিম স্যারের স্ট্র্যাটেজী ক্লাস

মক টেস্টের সিলেবাস জানতে 'VST Syllabus' লিখে 9635147621 নম্বরে Whatsapp করুন

**মকটেস্ট শুরু : 9th February, 2023**

## Visit our Stall No. 528, Gate No. - 6 at Kolkata Book Fair 2023

## ACADEMIC MAINS CLUB For WBCS 2022 Mains

মেনসের প্রার্থীরা এই ক্লাবের সদস্য হতে পারেন। এতে পাবেন

- বাংলা ও ইংরাজির প্রতিটি টপিকের কমনযোগ্য মডেল প্রশ্নোত্তর।
- বাংলা ও ইংরেজি কম্পালসরি পেপারের সাজেশন।
- পেপার - iV এর কোয়েশ্চেন ব্যাঙ্ক।
- কারেন্ট অ্যাফেয়ার্স ইয়ার বুক।

Enquiry : 9674478644 / 9038786000 * জেরক্স চার্জ প্রযোজ্য







TO BE PUBLISHED ON 10TH FEBRUARY, 2023




HURRY UP

আগামী ২৯শে জানুয়ারী (রবিবার) WBCS ও কম্বাইন্ড 2024 কোর্সের জন্য আয়োজিত হতে চলেছে

## অ্যাকাডেমিক স্কলারশিপ টেস্ট

স্থান - কলেজস্ট্রিট। সময়- দুপুর ২ টা থেকে ৩.৩০ পর্যন্ত

নাম রেজিস্ট্রেশন করুন - www.academicassociation.com

ওয়েবসাইটে রেজিস্ট্রেশনের শেষ তারিখ - 27.01.2023

পরীক্ষাটি দিতে কোনও ফি লাগবে না

বিশদে জানতে ফোন করুন- 9038786000

**WBCS-2024: এর নতুন ব্যাচে ভর্তি চলছে।**

# অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন

২, সূর্য সেন স্ট্রিট (কলেজ স্কোয়ার), কলকাতা-৭০০০১২ ।। ওয়েব সাইট : www.academicassociation.com

(033)79650408
9038786000
9674478644

Main Branch : College Street - 9674478644 ll Study Centre : ●Berhampur - 9474582569 ●Barasat - 9073587432 ●Uluberia - 9051392240

## জব মেলা

১ পাতার পর

কেন্দ্রে 'ইস্টার্ন রিজিওনাল অ্যাপ্রেন্টিসশিপ কাম জব মেলা'র আয়োজন করেছে। এই মেলা অনুষ্ঠিত হবে ৩০ ও ৩১ জানুয়ারি বিভিন্ন কেন্দ্রে। আর্টস, সায়েন্স, কমার্স শাখার গ্র্যাজুয়েট, ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ ছেলেমেয়েরা সরাসরি এই মেলায় অংশগ্রহণ করতে পারবেন। ২০১৮ সাল থেকে ২০২২ সালের মধ্যে যাঁরা পাশ করেছেন, তাঁরাই এই মেলায় অংশ নিতে পারবেন। যাঁরা বিভিন্ন সংস্থা থেকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করেছেন, তাঁদের মধ্যে প্রায় ৯০% প্রার্থী বিভিন্ন সংস্থায় চাকরি পেয়েছে। অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা পাবেন। এই মেলায় সরাসরি অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য বাছাই হতে পারেন কিংবা অ্যাপ্রেন্টিস ট্রেনিং করার পর সরাসরি চাকরি পাওয়ার সুযোগ পেতে পারেন। আগ্রহী প্রার্থীরা নাম রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুন এই নম্বরে : ৬২৯১৮২৭৯৩০. ওয়েবসাইট : www.bopter.gov.in

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ডাকযোগে পোস্ট-গ্র্যাজুয়েট, ডিপ্লোমা কোর্স

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টরেট অফ ওপেন অ্যান্ড ডিস্ট্যান্স লার্নিংয়ে এম.এ. ও এম.এসসি. কোর্সে ভরতি শুরু হয়েছে।

**২ বছরের এম.এ. কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে :** বাংলা, ইংরিজি, ইতিহাস, এডুকেশন। সংশ্লিষ্ট বিষয়ের অনার্স / স্পেশাল অনার্স / জেনারেল গ্র্যাজুয়েটরা (৩০০ নম্বর) আবেদন করতে পারেন। পাস কোর্সের গ্র্যাজুয়েটরা ব্রিজ কোর্স পাশ করে থাকলেও আবেদনের যোগ্য।

এম.এ., এম.এসসি. বা, এম.কম. কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলেও 'এডুকেশনের এম.এ.' কোর্সে ভরতির জন্য যোগ্য।

এম.এসসি. কোর্স পড়ানো হবে জুলজি, বটানি, ভূগোল ও অঙ্ক বিষয়ে। সংশ্লিষ্ট বিষয়ের অনার্স / স্পেশাল অনার্স / জেনারেল গ্র্যাজুয়েটরা (৩০০ নম্বর) আবেদন করতে পারেন। অনার্স গ্র্যাজুয়েটদের ভরতির পর পাস গ্র্যাজুয়েটদের নেওয়া হবে। সীট : জুলজিতে ২৩৭টি, বটানিতে ২৩১টি, ভূগোলে ২৭০টি, অঙ্কে ৩৯০টি।

এম.এসসি. কোর্স পড়ানো হবে কল্যাণী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। অন্যান্য বিষয়ের এম.এ. কোর্স পড়ানো স্টাডি সেন্টারে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জানুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটে : http://dodl.klyuniv.ac.in ঠিকানা : ডিরেক্টরেট অফ ওপেন অ্যান্ড ডিস্ট্যান্স লার্নিং, ইউনিভার্সিটি অফ কল্যাণী, ব্লক বি-১২/১৯৫, কল্যাণী-৭৪১২৩৫, নদিয়া। ফোন : ২৫০২২২১২. কোথায় কোথায় স্টাডি সেন্টার আছে, বিস্তারিত ওয়েবসাইটে পাবেন।

## ২৫ ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, এন.বি.সি.সি. (ইন্ডিয়া) লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি (সিভিল /ইলেক্ট্রিক্যাল) পদে ২৫ জন লোক নিচ্ছে। সিভিল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৫-২-২০২৩'এর হিসাবে ২৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : সিভিলে ২০টি (জেনাঃ ১২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। ইলেক্ট্রিক্যালে ৫টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১)।

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২২'এর স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ। বিজ্ঞপ্তি নং : ০১/২০২৩.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.nbccindia.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ডাকবিভাগে এজেন্ট

ভারতীয় ডাক বিভাগের ইস্ট কলকাতা ডিভিশন ডাক জীবন বিমা ও গ্রামীণ ডাক জীবন বিমার পলিসি বিক্রির জন্য এজেন্ট নিয়োগ করছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ৫০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। কমিশন ভিত্তিক কাজ। মনোনীত হলে সিকিউরিটি ডিপোজিট বাবদ ৫,০০০ টাকা জমা রাখতে হবে। ডাক বিভাগ ছাড়া অন্য কোনো পলিসি বিক্রির এজেন্ট হলে যোগ্য নন।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৩০ জানুয়ারি বেলা ১২টা থেকে ৩টার মধ্যে। তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ডের মূল প্রমাণপত্র ও জেরক্স কপি আর ৫ কপি পাশপোর্ট মাপের ফটো। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : ভারতীয় ডাক বিভাগ, প্রবর ডাক অধিক্ষক, ইস্ট কলকাতা ডিভিশন, কলকাতা -১৬৩। Ph: (033) 40007277.

# চাকরির পরীক্ষার গণিত

# অ্যারিথমেটিক

1. When the price of a brand of Taperercoder was increased by 20%, the number of pieces sold decreased by 12.5% . What was the percent effect on the sales of the Taperecorder?
(A) 7.5% increase (B) 7.5% decrease (C) 5% increase (D) 4.5% increase

2. When Rs. 210 is divided among A, B, C so that if A gets Rs. 2, B gets Rs. 3 and if B gets Rs. 4, C gets Rs. 5 what is the share of A?
(A) Rs. 42 (B) Rs. 46 (C) Rs. 40 (D) Rs. 48

3. A man bought a clock listed at Rs. 400. He was given successive discount of 15% and 10%. What did he pay for the clock?
(A) Rs. 360 (B) Rs. 300 (C) Rs. 316 (D) Rs. 306

4. Ashim took a loan of Rs. 15,000 for 3 years simple interest. If the total interest paid is Rs. 2,700, then what is the rate of interest per annum?
(A) 9% (B) 12% (C) 15% (D) 6%

5. On sports day, if 30 children were made to stand in a column, 16 columns could be formed. If 24 children were made to stand in a column, how many columns could be formed?
(A) 25 (B) 39 (C) 20 (D) 45

6. Subhas opened a shop investing Rs. 30,000. Manish joined 2 months later, investing Rs. 45,000. They earned a profit of Rs. 54,000 after completion of one year. What will be Manish's share in profit?
(A) Rs. 36,000 (B) Rs. 54,000 (C) Rs. 30,000 (D) Rs. 25,000

7. The ratio of boys to girls in a school is 5 : 2. The number of boys is more by 450 than that of the girls. How many students are there in that school?
(A) 300 (B) 750 (C) 1050 (D) 950

8. The present age of A and B in ratio is 10 : 9. If after 6 years A will 26 years old. then what is the present age of B?
(A) 18 yrs. (B) 20 yrs. (C) 27 yrs. (D) $22\frac{1}{2}$ yrs.

9. If 20 is subtracted from a number then it will be two third of the total number. What is the actual number?
(A) 90 (B) 120 (C) 12 (D) 60

10. A's salary is 50% more than B's salary. If B's salary is Rs. 200/- then what is the salary of A?
(A) Rs.350 (B) Rs.450 (C) Rs.150 (D) Rs.600

11. The mean price of 10 books and 6 copies are Rs. 300. If the mean price of copies are Rs. 50 then what will be the mean price of books?
(A) Rs. 25 (B) Rs. 18 (C) Rs. 32 (D) Rs. 22

12. $3-\left[(8-5)-\left\{(4-2)-\left(2+\frac{8}{13}\right)\right\}\right]$ is equal to –
(A) $\frac{13}{17}$ (B) $\frac{68}{13}$ (C) $\frac{17}{13}$ (D) None of these

13. In a group of 120 people, one-fifth are men, one-fourth are women and the rest children. The average age of women is five-sixth of the average age of men. Average age of children is one fourth of the average age of men. If average age of men is 60 years, what is the average age of the group?
(A) 50 (B) 45 (C) 38 (D) 32

14. A distance of 425 km. separates two trains moving towards each other at a speed of 200 km./hr. what will be the distance between them after 1 hr. 30 min. If they reduce their speed by half, every half an hour.
(A) 120 km. (B) 75 km. (C) 250 km. (D) 150 km.

15. Two taps can fill a tank in 12 hours and 18 hours respectively and third one can empty it in 36 hours. If they are all opened together, when will the tank be full?
(A) 9 hr. (B) 8 hr. 30 min (C) 8 hr (D) 7 hr. 30 min.

16. A works twice as fast as B. If B can complete a piece of work independently in 12 days, in how many day can A and B together complete the work?
(A) 18 (B) 6 (C) 4 (D) 8

17. If 5 men can do a piece of work in 6 days and 10 women can do it in 5 days, in how many days can 3 men and 5 women do the same piece of work?
(A) 3 (B) 6 (C) 5 (D) 4

18. In a class of 22 students, 21 students get an average of 44 marks. If the remaining student gets 66 marks, the average marks of the whole class is–
(A) 46 (B) 52 (C) 45 (D) 48

19. 400 mangoes were purchased at the rate of Rs. 125 per hundred and sold for a profit of Rs. 100, what is the price of per dozen of the mangoes?
(A) Rs. 15 (B) Rs. 16 (C) Rs. 18 (D) Rs. 20.

20. If a train running at 72 km. per hour crosses a coconut tree standing by the side of the track in 7 seconds, what is the length of the train?
(A) 104 m. (B) 140 m. (C) 504 m. (D) 540 m.

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** প্রতিটি টেপ রেকর্ডারের দাম 100 টাকা হলে ও 100টা টেপ রেকর্ডার বিক্রি হলে, 100টির দাম হত 100×100=10,000 টাকা। এখন প্রতিটি টেপের দাম 20% বাড়লে প্রতিটি টেপের দাম হয় 100+20=120 টাকা। আবার বিক্রি 12.5% কমলে বিক্রি হয় 87.5টা টেপ। তাহলে 87.5-টির দাম হয় 120×87.5 =10,500 টাকা। এখন টাকার পরিমাণ 10,500–10,000 =500 টাকা বেশি। তাহলে $\frac{(500\times100)}{10000}$ =5% বৃদ্ধি। **2(D).** A : B = 2 : 3 ও B : C = 4 : 5 তাহলে A : B : C = 8 : 12 : 15 হবে ও A-র অংশ হবে $\frac{8}{35}$ ও A-র টাকার পরিমাণ হবে $210\times\frac{8}{35}=48$ টাকা **3(D).** ঘড়িটার জন্য তাঁকে মূল্য দিতে হবে $400\times\frac{100-15}{100}\times\frac{100-10}{100}$ = (400×85×90) ÷ (100× 100) = 306 টাকা। **4(D).** 3 বছরের সরল সুদ 2,700 টাকা হলে,1 বছরে সরল সুদ হবে 900 টাকা। 15,000 টাকার 1 বছরে সুদ 900 টাকার অর্থ 6% সুদ। **5(C).** (30×16) ÷ 24=20 জন এককেটি কলমে থাকবে। **6(C).** সুভাষের অংশ হবে 30,000×12=3,60,000. মণীষের 45,000 × 10 = 4,50,000, তাহলে সুভাষ ও মণীষের লাভের অংশের অনুপাত হবে 4 : 5, মণীষ, 54,000 টাকা লাভে পাবে (54,000÷9)×5 = 30,000 টাকা। **7(C).** 5x=2x+450 বা, 3x=450 বা, x=150.তাহলে মোট ছাত্র সংখ্যা 5×150=750 ও ছাত্রী সংখ্যা 2×150=300 জন। মোট ছাত্র-ছাত্রী সংখ্যা হবে : 750+300=1050 জন। **8(A).** A'র বর্তমান বয়স 10x ও B'র বর্তমান বয়স 9x হলে প্রশ্নানুযায়ী, 10x+6 = 26. তাই x = 2 অর্থাৎ, B'র বর্তমান বয়স = 9x = 9 × 2 = 18 বছর। **9(D).** সংখ্যাটি x হলে $x-20=\frac{2}{3}x$ বা, $x-\frac{2}{3}x=20$ বা, $\frac{x}{3}=20$ অর্থাৎ, x = 20×3 = 60. **10(B).** B'র বেতন 100 টাকা হলে A'র বেতন হবে 150 টাকা। A : B = 150 : 100 = 3 : 2. তাই 2 → 300. সুতরাং $3\to\frac{300}{2}\times3=450$ টাকা। **11(B).** (10টি বই + 6টি খাতা)-এর দাম = 30 × 16 = 480 টাকা। 6টি খাতার দাম = 50 × 6 = 300 টাকা। অতএব 10টি বইয়ের দাম = 480–300 = 180 টাকা। তাই বইয়ের গড় দাম = $\frac{180}{10}$ টাকা = 18 টাকা। **12(D).** **13(D).** পুরুষের সংখ্যা 24, মহিলার সংখ্যা 30. বাচ্চাদের সংখ্যা 120 – (24+30) = 66. মনে করি, বাচ্চাদের গড় বয়স C, পুরুষদের গড় বয়স M, মহিলাদের গড় বয়স = W. তাহলে $C=\frac{M}{4}=15$, আবার, $W=\frac{5M}{6}=50$, তাহলে ওই দলের গড় বয়স $=\frac{24\times60+30\times50+66\times15}{120}$ $=\frac{1440+1500+990}{120}$ = 32.75 ≈ 32. **14(B).** আধ ঘন্টা পর তাদের মধ্যে দূরত্ব হবে 225 কিলোমিটার। (ঘন্টায় 200 কিলোমিটার গতিবেগ নিয়ে)। 1 ঘন্টা পর তাদের মধ্যে দূরত্ব 125 কিলোমিটার (ঘন্টায় 100 কিমি. গতিবেগ নিয়ে), $1\frac{1}{2}$ ঘন্টা পর তাদের মধ্যে দূরত্ব হবে 75 কিলোমিটার। (ঘন্টায় 50 কিলোমিটার বেগ নিয়ে)। **15(A).** পূর্ণ করার নল দু'টি এক ঘন্টায় পূর্ণ করে $\frac{1}{12}+\frac{1}{18}$ বা, $\frac{5}{36}$ অংশ। খালি করার নল 1 ঘন্টায় খালি করে $\frac{1}{36}$ অংশ। তিনটি নল একসঙ্গে খুললে 1 ঘন্টায় পূর্ণ হয় $\frac{5}{36}-\frac{1}{36}=\frac{4}{36}$ অংশ। তাহলে 36 ভাগ পূর্ণ করে 9 ঘন্টায়। **16(C).** A, B-র দ্বিগুণ দ্রুত কাজ করে। B কাজটি 12 দিনে করলে, A করে 6 দিনে। দুজন একসঙ্গে 1 দিনে করে $\frac{3}{12}$ অংশ অর্থাৎ,12 ভাগ কাজ করে 4 দিনে। **17(C).** 1 দিনে করে 5×6 বা, 30 জন পুরুষ বা, 50 জন স্ত্রী। তাহলে 3 জন পুরুষ 5 জন স্ত্রীর সমান কাজ করে। 3 জন পুরুষ ও 5 জন স্ত্রী (5+5) = 10 জন স্ত্রী কাজটি 5 দিনে করে। **18(C).** 21 জন ছাত্রের গড় নম্বর 44। অবশিষ্ট একজন ছাত্রের নম্বর 21 জনের নম্বর অপেক্ষা (66–44) 22 নম্বর বেশি। এই 22-তম ছাত্রটির অতিরিক্ত 22 নম্বর 22 জনের মধ্যে ভাগ করলে প্রত্যেকে পায় আরও 1 নম্বর। সুতরাং সব ছাত্রের গড় নম্বর হবে 44 + 1 = 45. **19(C).** 400টি আমের দাম (125×4) টাকা = 500 টাকা। মোটের ওপর 100 টাকা লাভ করলে বিক্রির দাম হয় (500 + 100) 600 টাকা। প্রতিটি আমের বিক্রির দাম 1.50 টাকা। তাহলে ডজন প্রতি আমের বিক্রির দাম 18 টাকা। **20(B).** 72 কিলোমিটার গতিতে 7 সেকেন্ডে যায় $\frac{72000}{3600}\times7$ মিটার বা, 140 মিটার।

# সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর ও অন্যান্য স্বাস্থ্য পরিষেবার কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর হেল্‌থ ট্রেনিংয়ের অধ্যক্ষ রামনারায়ণ মণ্ডল জানান, চলতি সেশনে কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরে অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। থিওরির পাশাপাশি রয়েছে হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং। পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে সরকার স্বীকৃত কোর্সটি পড়ানো হয়। এছাড়াও এখানে মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স ও অন্যান্য স্বল্পমেয়াদি স্বাস্থ্য পরিষেবার কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম মাধ্যমিক পাশ। বয়সের কোনো কড়াকড়ি নেই। ১ বছরের স্যানিটারি ইন্সপেক্টর কোর্স পাশ করার পর রেল, পুরসভা, পোর্ট ও অন্যান্য স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত ক্ষেত্রে চাকরি পাওয়া যায়। ডিএমএলটি কোর্স পাশ করার পর সরকারি ও বেসরকারি হাসপাতাল, প্যাথলজিক্যাল ল্যাবে চাকরি হয়। এছাড়াও নিজেরাও ল্যাব খুলে ভালো আয় করতে পারেন। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — আইআইএইচটি, ২২৬ বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, বউবাজার, কলকাতা- ৭০০০১২। ফোন (সকাল ১১টা থেকে বিকেল ৪টে) : ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪। ওয়েবসাইট : www.iiht.in

# স্টিল প্ল্যান্টে ১২০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, ভিলাই :** ভিলাই স্টিল প্ল্যান্ট 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে ১২০ জন লোক নিচ্ছে। কারা কোন ক্ষেত্রে আবেদনের যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মাইনিং ও মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : মেকানিক্যালে ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রিক্যালে ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। মাইনিং ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫)। মেটালার্জি ২৫টি (জেনাঃ ১২, ও.বি.সি. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৮)।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** পলিটেকনিক থেকে মেটালার্জি, সিভিল, কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি বা, মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : মেটালার্জি ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৭)। সিভিল ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। কম্পিউটার সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃ জাঃ ৩)। মাইনিং ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৬)। ছত্তিশগড় রাজ্যের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://portal.mhrdnats.gov.in/boat তখন যাবতীয় প্রমাণপত্র, ফটো, সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


নতুন ব্যাচে ভর্তি চলছে
The Aspirant Academy
WBCS • SSC
RAIL • POLICE
SLST (PT) • PSC
MOCK INTERVIEW
সোনারপুর
9330978205


# ICSE / CBSE স্কুলে ২৫ চাকরি

সরকার স্বীকৃত প্রফেশনাল কোর্স করিয়ে ICSE / CBSE স্কুলে ২৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারবেন। বয়স : ২৪-৩৫ বছর। বেতন : ১২,০০০ - ১৫,০০০। কোর্স করানো হবে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান জিনিয়াস মাইন্ড ব্রেন ডেভেলপমেন্ট অ্যাকাডেমি'তে। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স চলাকালীন নিয়োগপত্র দেওয়া হবে। নিয়োগ হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ : ১১ ও ১২ ফেব্রুয়ারি। বিশদে জানতে যোগাযোগ করুন - ৯৩৩০১২৮৭১১, ওয়েবসাইট : www.geniusmind.co.in, ই-মেল : info@geniusmind.co.in

# নেভিতে ৭০ অফিসার

১ পাতার পর

ইনফর্মেশন টেকনোলজি, সফটওয়্যার সিস্টেম, সাইবার সিকিউরিটি, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড নেটওয়ার্কিং,, কম্পিউটার সিস্টেম অ্যান্ড নেটওয়ার্কিং, ডাটা অ্যানালিটিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর এম.এসসি. / বি.ই. /বি.টেক. /এম.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বি.সি.এ. বা, কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা এম.সি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৮ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। শূন্যপদ : ৭০টি।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া প্রতি চোখে ৬/৬০, যা চশমা পড়ে ৬/৬, ৬/১২ পর্যন্ত সংশোধন যোগ্য। শুরুতে ২ বছরের প্রবেশন। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে, ইঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে : ৫৬,১০০-১,১০,৭০০ টাকা। ১০ বছরের চাকরি, যা ১৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই করবে সার্ভিসেস সিলেকশন বোর্ড। দরখাস্ত দেখে প্রাথমিকবাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। পরীক্ষা হবে জুনের মধ্যে, ব্যাঙ্গালোর, ভূপাল, কোয়েম্বাটোর বা, বিশাখাপত্তনমে। ৫ দিনের এই পরীক্ষার প্রথম দিনে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও গ্রুপ ডিসকাশন। প্রথম দিনের পরীক্ষায় সফল না হতে পারলে দ্বিতীয় শ্রেণির ট্রেন ভাড়া দিয়ে ফেরৎ পাঠানো হবে। পরের ৪ দিন হবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। সফল হলে ৩-৪ দিনের ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Officer Entry-তে গিয়ে ক্লিক করে Apply Online-এ ক্লিক করলেই মূল ফর্ম পাবেন। তখন যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর অ্যাপ্লিকেশন নম্বর প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট কপি নিয়ে যেতে হবে।


ANM-GNM
JENPAS 2023
শর্ট টার্ম ক্লাস শুরু 27 মার্চ
শর্ট টার্ম ক্লাস ও পোস্টাল কোর্সে ভর্তি চলছে। থাকার ব্যবস্থা আছে।
22 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান
MASTERJEE
বালিগঞ্জ : 9432956917
9163298566

Red Plus Vocational Training Centre
50 RED PLUS SOCIETY
CRASH COURSE ভর্তি চলছে
TARGET 2023
XI • XII • NEET
• Paramedical
• JENPAUH • WBJEE
JEE Main / Advance
Mock Test • Special Study Materials
• High Qualified & Experienced Teacher
22 Baghajatin Station Road, Kol- 32
9830067756, 9903370881


## ভারতীয় ডাক বিভাগ

### ইস্ট কোলকাতা ডিভিশন

প্রিমাইজ নং AA-02-072 প্লট নং. AD/6A, নিউ টাউন অ্যাকশন এরিয়া - I, কোলকাতা - 700163

ফোন : 033 4000 7277

**ডাক জীবন বীমা / গ্রামীণ ডাক জীবন বীমা এজেন্ট নিয়োগ**

ইস্ট কোলকাতা ডিভিশন ডাক বিভাগীয় শাখায় ডাক জীবন বীমা / গ্রামীণ ডাক জীবন বীমা পলিসি বিক্রির জন্য কমিশনের ভিত্তিতে ইস্ট কোলকাতা ডিভিশনের জন্য Direct Agent নিয়োগ করা হবে। ১৮ থেকে ৫০ বছর বয়সী এবং মাধ্যমিক যোগ্যতাসম্পন্ন ইচ্ছুক যে কোনো ভারতীয় নাগরিক Walk-In-Interview তে বয়স ও যোগ্যতার নথি, আধার কার্ড, প্যান কার্ড এর জেরক্স ও অরিজিনাল ও দু কপি ফটো সহ আগামী ৩০.০১.২০২৩ তারিখে দুপুর ১২টা থেকে ৪ টের মধ্যে উপস্থিত থাকতে পারেন। মনোনীত প্রার্থীকে ৫০০০/- টাকা সিকিউরিটি ডিপোজিট রাখতে হবে।

প্রবর ডাক অধিক্ষক
ইস্ট কোলকাতা ডিভিশন
কোলকাতা-৭০০১৬৩


## স্বাস্থ্য পরিষেবায় ৩০০ জন

স্বাস্থ্য পরিষেবায় অনলাইন হাসপাতাল সিস্টেম এর জন্য যে ৭০০০ (সাত হাজার) ছেলেমেয়ের প্রশিক্ষণের প্রক্রিয়া শুরু করেছিল **worldrelation.com** তার এই দফায় আরো ৩০০ জন প্রার্থীকে সুযোগ দিচ্ছে। প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি যোগ্য প্রার্থীরা সংস্থায় আংশিক কাজ করে মাসিক সর্বাধিক ৯,০০০/- টাকা পর্যন্ত স্টাইপেন্ড পাওয়ার সুযোগ পাবেন। প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীরা যথারীতি কলকাতা সহ ভারতের বিভিন্ন শহরগুলিতে যেখানে প্রকল্পটি কার্যকরি হয়েছে বা হতে চলেছে সেখানে আকর্ষণীয় বেতনে চাকুরির সুযোগ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থীরা (লিখিত পরীক্ষায় নূন্যতম ৫০%) সম্পূর্ণ বিনামূল্যে নিকটবর্তী কেন্দ্র থেকে অথবা বাড়িতে বসে অনলাইনে প্রশিক্ষণটি নিতে পারেন। লিখিত পরীক্ষা হবে মার্চ মাসে।

**প্রশিক্ষণের মেয়াদ :** ৬ মাস (for Graduate Trainee) এবং ৩ মাস (for Non-Graduate Trainee) প্রার্থীরা নিজ জেলা থেকেই কাজের সুযোগ পেতে পারেন। রেগুলার ছাত্র-ছাত্রীরা পড়াশোনার পাশাপাশি এই প্রশিক্ষণটি করার সুযোগ পাবেন।

ডাকযোগে আবেদন করতে **worldrelation.com/form.pdf** এই লিঙ্ক থেকে আবেদন পত্রটি ডাউনলোড করুন (পাঠানোর নিয়মাবলী আবেদন পত্রে উল্লেখ করা আছে)। worldrelation.com এর career লিঙ্কটি ব্যবহার করে online এ আবেদন করতে পারেন।

**আবেদন করার শেষ তারিখ :** 10th February 2023

**যোগ্যতা :** গ্র্যাজুয়েট বা, তদূর্ধ্ব (for Graduate Trainee) এবং মাধ্যমিক বা, তদূর্ধ্ব (for Non-Graduate Trainee)

বয়সসীমা : ১৭ থেকে ৩৫ বছর।

**Worldrelation.com**
System Solutions Building (Gr Floor), 36/1, Rabindrapath, Birati. Kolkata - 700051
Mobile : 6290026466

বিজ্ঞাপন



কেন্দ্রে আবেদন চলছে প্রায় ২৩০০০ শূন্যপদে

| SSC MTS | LIC AAO / ADO | IB SA / MTS |
|---|---|---|
| শূন্যপদ ১১৪০৯ | শূন্যপদ ৯৬৯৪ (প্রায়) | শূন্যপদ ১৬৭১ |

উপরিউক্ত তিনটি কোর্সেরই মেয়াদ : পরীক্ষা পর্যন্ত, শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক থেকে স্নাতক, অফলাইন কোর্স ফি প্রতি ক্ষেত্রে : ৪৯৫০ টাকা, অনলাইন কোর্স ফি প্রতি ক্ষেত্রে : ৩৫৪০ টাকা

শীঘ্রই ভর্তি হতে আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন

WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
TET SSC
Newly launched
Competitive Exams Foundation Course (CEFC)
কোর্স ফি সাধ্যের মধ্যে
Regular Combined
Staff Selection, Bank (P.O. & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc
Interview & Personality Grooming
Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



CRPF-এ কনস্টেবল ও ASI পদের
পরীক্ষায় আসতে পারে
এমন সম্ভাব্য কয়েক হাজার
প্রশ্নোত্তরের বিশ্লেষণ সহ বেরোলো
স্পেশাল সংখ্যা
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
Appointment & Career News
হেল্পলাইন : 9830624170

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। কোন প্রাণীর পূর্ণাঙ্গ লোহিত কণিকা নিউক্লিয়াসবিহীন — মানুষ।

২। পরিণত লোহিত কণিকা বিভাজনে অক্ষম কেন — নিউক্লিয়াস অনুপস্থিত।

৩। 'ছিপি খোলার যন্ত্র' কোন শ্রেণির লিভার — দ্বিতীয়।

৪। কোন প্রক্রিয়ার সাহায্যে দু'টি আইসোটোপকে আলাদা করা হয় — ব্যাপন।

৫। মহাকাশ বিজ্ঞানীরা মহাকাশযানে কোন উদ্ভিদ রাখেন — ক্লোরেলা।

৬। কোন অণু থেকে 'বেমতন্তু' গঠিত হয় — সেন্ট্রোজোন।

৭। বালি ও আয়োডিনের মিশ্রণ থেকে উভয়কে আলাদা করা যায় কোন পদ্ধতিতে — ঊর্ধ্বপাতন পদ্ধতিতে।

৮। ফ্যারাডের সূত্র কোন ঘটনার সঙ্গে জড়িত — তড়িৎ বিশ্লেষণ।

৯। সোনা কিসে দ্রবীভূত হয় — অ্যাকোয়া রিজিয়াতে।

১০। কোন বিজ্ঞানী রক্তের শ্রেণিবিভাগ



করেন — কার্ল ল্যান্ডস্টেইনার।

## ইতিহাস

১১। সর্বপ্রথম ভারতের কোন অঞ্চলে বিপ্লব দেখা দিয়েছিল — মহারাষ্ট্র।

১২। কোন সন্ধির মাধ্যমে ইঙ্গ-আফগান সংঘর্ষের চরম নিষ্পত্তি হয়েছিল — রাওয়ালপিন্ডি সন্ধি।

১৩। মহারানি ভিক্টোরিয়া কবে 'ভারত সম্রাজ্ঞী' উপাধি পান — ১৮৭৭ সাল।

১৪। শিবাজীর স্বাধীন মারাঠা রাজ্যের রাজধানী কোথায় ছিল — রায়গড়।

১৫। কোন শিখ গুরু সরাসরি মোগলদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেছিলেন — গুরু গোবিন্দ সিং।

১৬। কোন গভর্নর জেনারেলের আমলে ইন্ডিয়ান পেনাল কোড বা,



ফৌজদারি দণ্ডবিধি রচিত হয় — লর্ড বেন্টিঙ্ক।

১৭। কোন কমিশনের সুপারিশে ওয়ারেন হেস্টিংস 'একসালা বন্দোবস্ত' প্রবর্তন করেন — আমিনি কমিশন।

১৮। পল্লব রাজ্যের রাজধানী কোথায় ছিল — কাঞ্চী।

১৯। সদর দেওয়ানি আদালত প্রথম কোথায় স্থাপিত হয় — ফোর্ট উইলিয়ামে।

২০। কোন পেশোয়া 'নানাসাহেব' নামে পরিচিত — দ্বিতীয় বাজীরাও।

## ভূগোল

২১। গ্রাফাইট কোন শিলার রূপান্তর — পাললিক শিলার।

২২। 'শত্রুঞ্জয়' নদীর উৎপত্তিস্থল কোথায় — গির পর্বত।

২৩। কোন বন্দর 'আরব সাগরের রানি' নামে পরিচিত — কোচি।

২৪। বছরের কোন দিনটি 'জলবিষুব' নামে পরিচিত — ২৩ সেপ্টেম্বর।

২৫। নদীর কোন অববাহিকায় ব-দ্বীপের সৃষ্টি হয় — নিম্ন অববাহিকায়।

২৬। 'ধুঁয়াধর জলপ্রপাত' কোন নদী থেকে সৃষ্টি হয়েছে — নর্মদা।

২৭। যখন বৃষ্টি হয়, তখন বায়ুমণ্ডলে আপেক্ষিক আদ্রতা কত হয় — ১০০%।

২৮। পশ্চিমবঙ্গের মধ্যে সবথেকে কম বনাঞ্চল কোথায় আছে — পুরুলিয়া।

২৯। হাজারিবাগ জেলার কোডার্মা কোন খনিজ দ্রব্যের জন্য বিখ্যাত — অভ্র।

৩০। ভারতের বৃহত্তম লৌহ ইস্পাত কারখানা কোনটি — ভিলাই।

## অর্থনীতি

৩১। 'পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক'এর



ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — সুরিন্দর চাওলা।

৩২। 'অল ইন্ডিয়া জেম অ্যান্ড জুয়েলারি ডোমেস্টিক কাউন্সিল'এর চেয়ারম্যান এখন কে — সৈয়াম মেহরা।

৩৩। কোন ব্যাঙ্ক 'জাহ্ন বন্ধন, ওয়াহা ট্রাস্ট' নামে প্রচারাভিযান শুরু করল — বন্ধন ব্যাঙ্ক।

## সাম্প্রতিক ঘটনা

৩৪। বিশ্বে প্রথম মৌমাছিদের জন্য টিকার অনুমোদন দিল কোন দেশ — মার্কিন যুক্তরাষ্ট্র।

৩৫। সম্প্রতি প্রয়াত সুনীল বাবু (৫০ বছর) কোন ক্ষেত্রে সঙ্গে যুক্ত ছিলেন — আর্ট ডিরেক্টর।

৩৬। ভারতের প্রথম সংবিধান স্বাক্ষর জেলা কোনটি — কেরালার কোল্লাম।

৩৭। মৌসম ভবনের গবেষণা অনুসারে, ১৯০১ সালের পর, ভারতের কত তম উষ্ণতম বছরের তকমা পেল ২০২২ — পঞ্চম।

৩৮। ভারতের কোন রাজ্য সরকার, রাজ্যের বিভিন্ন অংশে জাতিগত সমীক্ষা শুরু করেছে — বিহার।

৩৯। কোন সংস্থা জম্মুতে, ভারতীয় সেনাবাহিনীর জন্য কম ধোঁয়া যুক্ত সুপিরিয়র কেরোসিন তেল চালু করল — ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড।

৪০। কেন্দ্রের 'স্বদেশ দর্শন ২.০ প্রকল্প'এর অধীনে, কর্ণাটকের কোন ২টি জনপ্রিয় গন্তব্যকে যুক্ত করা হল — মহীশউর ও হাম্পি।

৪১। ভারতের প্রথম সম্পূর্ণ ডিজিটাল ব্যাঙ্কিং রাজ্য কোনটি — কেরালা।

৪২। রাষ্ট্রসঙ্ঘের অন্তর্বর্তী নিরাপত্তা বাহিনীতে, ভারতীয় ব্যাটালিয়নের অংশ হিসাবে কোথায় মহিলা শান্তিরক্ষীদের একটি প্লাটুন মোতায়েন করল ভারত — সুদানের আবেই অঞ্চলে।

৪৩। 'পৃথিবীর ঘূর্ণন দিবস' কবে পালিত হয় — ৮ জানুয়ারি।

৪৪। ভারতের কোন রাজ্যের মুখ্যমন্ত্রী 'মুখ্যমন্ত্রীর ডায়েরি নং.১' নামে বই লিখেছেন — অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা।

৪৫। কোন দেশ 'ভয়েস অফ গ্লোবাল সাউথ সামিট' আয়োজন করবে — ভারত।

৪৬। 'প্রবাসী ভারতীয় দিবস' কবে পালিত হয় — ৯ জানুয়ারি।

৪৭। মহারাষ্ট্রের প্রথম আদালত হিসাবে, ই-সিস্টেম চালু করল কারা — ওসমানাবাদ জেলা আদালত।

৪৮। ভারতের কোন রাজ্য সরকার ১০০ দিনের 'গ্লোবাল সিটি' প্রচারাভিযান শুরু করল — উত্তর প্রদেশ।

৪৯। কাকে ২০২২ সালের 'গ্লোবাল লিডারশিপ পুরস্কার'এর জন্য নির্বাচন করল 'হার্ভার্ড ল স্কুল সেন্টার অন দ্য লিগ্যাল প্রফেশন' — ভারতের প্রধান বিচারপতি ড.ধনঞ্জয় যশবন্ত চন্দ্রচূড় (আইনি পেশায় জাতীয় ও আন্তর্জাতিকভাবে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

৫০। মার্কিন প্রতিনিধি পরিষদের অধ্যক্ষ হিসাবে কে নির্বাচিত হলেন — রিপাব্লিকান নেতা কেভিন ম্যাকার্থি।

৫১। সম্প্রতি প্রয়াত, প্রথম কাশ্মীরি 'জ্ঞানপীঠ পুরস্কার' প্রাপকের নাম কী — রেহমান রাহী (৯৮ বছর)।

৫২। এবছর ভারতের কোন শহরে আন্তর্জাতিক ঘুড়ি উৎসব' হয়েছে — গুজরাতের আহমেদাবাদ।

৫৩। ভূমি তলিয়ে যাওয়ার কারণে, ভারতের কোন শহর দুর্ঘটনার সম্মুখীন হয়েছে — উত্তরাখণ্ডের জোশীমঠ।

৫৪। 'বিশ্ব হিন্দি দিবস' কবে পালিত হয় — ১০ জানুয়ারি।

৫৫। ১৫ তম 'জয়পুর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এর উদ্বোধনী অনুষ্ঠানে, কে 'জীবনকৃতি সম্মান' পেলেন — প্রখ্যাত অভিনেত্রী তথা পরিচালক অপর্ণা সেন।

৫৬। কে প্রথম 'ড.পতঙ্গরাও কদম মেমোরিয়াল পুরস্কার' পেলেন — 'সেরাম ইনস্টিটিউট অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার আদর পুনাওয়ালা (কোভিড-১৯ টিকার ক্ষেত্রে অসামান্য কাজের জন্য, এই পুরস্কার পেলেন তিনি)।

৫৭। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম ভারতীয় বংশোদ্ভুত মহিলা শিখ বিচারক কে — মনপ্রীত মনিকা সিং।

৫৮। সম্প্রতি প্রয়াত কেশরীনাথ ত্রিপাঠী (৮৮ বছর) পশ্চিমবঙ্গের



কত তম রাজ্যপাল ছিলেন — ২০।

৫৯। মার্কিন যুক্তরাষ্ট্রে, 'নিউ ইয়র্ক ফিল্ম ক্রিটিক্স সার্কেল'এ কে 'সেরা পরিচালক'এর শিরোপা পেলেন — ভারতীয় চলচ্চিত্র পরিচালক এস.এস.রাজামৌলি ('আরআরআর' চলচ্চিত্রটি পরিচালনা করার জন্য এই শিরোপা পেলেন তিনি)।

৬০। ভারতের কোন রাজ্যে পোলো খেলোয়াড়ের ১২০ ফুট লম্বা একটি মূর্তি উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ — মণিপুর।

৬১। 'জাতীয় মানব পাচার সচেতনতা দিবস' কবে পালিত হয় — ১১ জানুয়ারি।

৬২। কোন কোম্পানির ম্যানেজিং ডিরেক্টরের পদ থেকে পদত্যাগ করলেন আর.এস.সোধি — আমূল।

৬৩। 'চেরচেরা উৎসব' ভারতের কোন রাজ্যে পালিত হয়েছে — ছত্তিশগড়।

৬৪। 'Njaan Sakshi' বইটি কার আত্মজীবনী — কে.কে.আব্দুল গফফর।

৬৫। 'Roller Coaster : An Affair with Banking' বইটির লেখক কে — সাংবাদিক তমাল বন্দ্যোপাধ্যায়।

৬৬। 'নাসা'র নতুন প্রধান প্রযুক্তিবিদ



কে হলেন — ভারতীয়-মার্কিনি মহাকাশ বিশেষজ্ঞ এ.সি.চারানিয়া।

৬৭। 'জাতীয় যুব দিবস' কবে পালিত হয় — ১২ জানুয়ারি (স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিনটি পালিত হয়)।

৬৮। ভারতের সবথেকে পুরনো ফৌজদারি মামলা করে নথিভুক্ত করা হয় — ১৯৫৩ সালের ১৮ মে।

৬৯। ২০২৩ সালে 'হেনলে পাসপোর্ট ইনডেক্স'এ ভারতীয় পাসপোর্টের স্থান কত — ৮৫।

৭০। 'কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ'এর তথ্য বিশ্লেষণ অনুসারে, ২০২২ সালে ভারতের সবথেকে দূষিত শহর কোনটি — দিল্লি।

৭১। সরকারি চাকরির ক্ষেত্রে মহিলাদের জন্য ৩০% পদ সংরক্ষণের অনুমোদন দিল কোন রাজ্য — উত্তরাখণ্ড।

৭২। 'ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — অনুরাগ কুমার।

৭৩। ভারতে 'মেটা' কোম্পানির গ্লোবাল বিজনেস প্রধান কে — বিকাশ পুরোহিত।

৭৪। কোন ভারতীয় চলচ্চিত্র ২০২৩ সালে 'অস্কার পুরস্কার'এর জন্য মনোনয়ন পেল — দ্য কাশ্মীর ফাইলস (চলচ্চিত্রটির পরিচালক বিবেক অগ্নিহোত্রী)।

৭৫। গাবোনের ভাইস প্রেসিডেন্ট এখন কে — রোজ ক্রিশ্চিয়ান ওসুকা রাপোন্ডা।

৭৬। কে সম্প্রতি 'Spare' নামে স্মৃতিকথামূলক বই প্রকাশ করলেন — ব্রিটিশ রাজপরিবারের সদস্য প্রিন্স হ্যারি।

## খেলাধুলা

৭৭। সম্প্রতি অবসর ঘোষণাকারী সানিয়া মির্জা কোন খেলার সঙ্গে যুক্ত — টেনিস।

৭৮। 'বিসিসিআই'এর সিনিয়র নির্বাচক



কমিটির চেয়ারম্যান এখন কে — চেতন শর্মা।

৭৯। সম্প্রতি প্রয়াত প্রখ্যাত ফুটবলার জিয়ানলুকা ভিয়ালি (৫৮ বছর) কোন দেশের খেলোয়াড় ছিলেন — ইতালি।

৮০। কে 'রঞ্জি ট্রফি'র ইতিহাসে প্রথম বোলার হিসাবে প্রথম ওভারে হ্যাটট্রিক করার নজির গড়লেন — জয়দেব উনাদকাট।

৮১। কে যুক্তরাজ্যের বার্মিংহামে, 'ব্রিটিশ জুনিয়র ওপেন টুর্নামেন্ট'এ মেয়েদের অনূর্ধ্ব-১৫ স্কোয়াশ খেতাব জিতলেন — ভারতের অনাহাত সিং।

৮২। ভারতে প্রথমবার ফর্মুলা ই ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ রেস আয়োজন করবে কোন শহর — হায়দরাবাদ।

৮৩। পঞ্চম 'খেলো ইন্ডিয়া যুব গেমস'এর ম্যাসকটের নাম কী — আশা ও মোগলি।

৮৪। পুনেতে, কে 'এটিপি ওয়ার্ল্ড টুর'এ পুরুষদের সিঙ্গলস খেতাব জিতলেন — নেদারল্যান্ডসের ট্যালন গ্রিকসপুর (ফরাসি প্রতিদ্বন্দ্বী বেঞ্জামিন বনজি কে ৪-৬, ৭-৫ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

৮৫। সব ধরনের ফুটবল থেকে অবসর নেওয়া গ্যারেথ বেল কোন দেশের খেলোয়াড় — ওয়েলস।

৮৬। আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণাকারী ডোয়েন প্রিটোরিয়াস কোন দেশের ক্রিকেটার — দক্ষিণ আফ্রিকা।

৮৭। কে আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে দ্রুততম ১,৫০০ রানের মাইলফলক অতিক্রম করলেন — ভারতের তারকা মিডল অর্ডার ব্যাটার সূর্যকুমার যাদব (৪৫টি ম্যাচে ৪৩টি ইনিংসে মোট ১,৫৭৮ রান করেছেন তিনি)।

৮৮। কে অ্যাডিলেড আন্তর্জাতিক পুরুষদের সিঙ্গলস শিরোপা জিতলেন — সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ (মার্কিন যুক্তরাষ্ট্রের সেবাস্তিয়ান কোর্ডাকে ৬-৭ (৮-১০), ৭-৬ (৭-৩) ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৮৯। ভারতের কোন রাজ্য ১২ ঘন্টার মধ্যে ৪,৫০০টি পেনাল্টি কিক নিয়ে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল — কেরালা।

৯০। সম্প্রতি অবসর ঘোষণাকারী হুগো লরিস কোন খেলার সঙ্গে যুক্ত — ফুটবল।

**সঙ্কলক : পলি দেওয়ান**

## বিমা সংস্থায় ৫০

১ পাতার পর

স্ট্যাটিস্টিক্স, হিউম্যান রিসোর্স বা, অন্য শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং নেওয়া হবে। মাইনে প্রথম বছর মাসে ৬০,০০০ টাকা। শূন্যপদ: ৫০টি (জেনাঃ ১৯টি, ও.বি.সি. ১২টি, তফঃজাঃ ৯টি, তফঃউঃজাঃ ৪টি, ই.ডব্লু.এস. ৬)। প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা হবে ২৫ ফেব্রুয়ারি। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে: কলকাতা / গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, আগরতলা, ভুবনেশ্বর, পটনা, রাঁচী, গুয়াহাটি, দিসপুর, ডিব্রুগড়, গয়া, মজঃফরপুর, জামশেদপুর, কটক, রৌরকেলা। এই পরীক্ষায় ১১৫ নম্বরের ১১৫টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (ক) রিজনিং-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (গ) জেনারেল অ্যাওয়ারনেস-২০ নম্বরের ২০টি প্রশ্ন, (ঘ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট ও কম্পিউটার লিটারেসি-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় দেড় ঘণ্টা।

এছাড়াও ডেসক্রিপ্টিভ টাইপের ইংরিজি বিষয়ে ৩৫ নম্বরের ৩টি প্রশ্ন হবে প্রবন্ধ লেখা, প্রেসি লেখা ও কমপ্রিহেনশন বিষয়ে। সময় থাকবে ৬০ মিনিট। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং থাকবে। তারপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে www.aicofindia.com অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) টাকা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার, মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর 'ই-রিসিপ্ট' প্রিন্ট করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে ফী ডিটেলস আপডেট করে ও ফটো আর সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন।

## ওয়েবেল কোম্পানিতে আই.টি. প্রফেশনে লোক নিচ্ছে

ওয়েবেল ইন্ডিয়া লিমিটেড কলকাতা অফিসে কাজের জন্য আই.টি. প্রফেশনাল পদে লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব পদে: (ক) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার আই.টি. অপারেশন্স-ই.আর.পি. নলেজ থাকতে হবে। (খ) অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার সফটওয়্যার ডেভেলপমেন্ট। ওয়েবসাইট ডেভেলপমেন্ট সংক্রান্ত কাজে জ্ঞান থাকতে হবে। (গ) জুনিয়র ফ্যাকাল্টি অ্যানিমেশন (মায়া)। আকর্ষণীয় মাইনে। উজ্জ্বল ভবিষ্যত। বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করুন এই ওয়েবসাইটে: www.webel.in দরখাস্ত করবেন পুরো বায়ো ডাটা দিয়ে। দরখাস্তে পদের নাম লিখবেন। দরখাস্ত পাঠাবেন এই ই-মেল আই.ডি.-তে: hrd@webel-india.com

## কেন্দ্রীয় সরকারে ১২,৫২৩ মাল্টি টাস্কিং স্টাফ

১ পাতার পর

অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। হাবিলদার (সেন্ট্রাল বোর্ড অফ ইনডায়রেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমসের রেভেনিউ বিভাগের জন্য) আর মাল্টি টাস্কিং স্টাফ-এর কিছু পদের জন্য ১-১-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০৫'এর মধ্যে।

ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম পে কমিশন অনুযায়ী। শূন্যপদ: মাল্টি টাস্কিং স্টাফ পদে (১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়সের প্রার্থীদের) ৯,৩২৯টি, মাল্টি টাস্কিং স্টাফ পদে (১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়সের প্রার্থীদের) ২,৬৬৫টি, হাবিলদার পদে ৫২৯টি। রিজিয়ন ও রাজ্যভিত্তিক শূন্যপদ নিচে দেওয়া হল।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non-Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2022' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে: কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), দুর্গাপুর (৪৪২৬), বর্ধমান (৪৪০৪), আসানসোল (৪৪১৭), গ্যাংটক (৪০০১), বোকারো (৪২০১), হাজারিবাগ (৪২০৪), জামশেদপুর (৪২০৭), বেরহামপুর (গঞ্জাম) (৪৬০২), রাঁচী (৪২০৫), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), সম্বলপুর (৪৬০৯), পোর্ট ব্লেয়ার (৪৮০২)। ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১)।

কম্পিউটার বেসড পরীক্ষায় ২৭০ নম্বরের ৯০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় থাকবে দু'টি সেশন। প্রথম সেশনে থাকবে এই ২টি পার্ট: (১) নিউমেরিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি অ্যান্ড প্রবলেম সলভিং - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট।

দ্বিতীয় সেশনে থাকবে এই ২টি পার্ট: (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট।

সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম সেশনে নেগেটিভ মার্কিং নেই। কিন্তু দ্বিতীয় সেশনের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজি-সহ ১৩টি আঞ্চলিক ভাষায়। কম্পিউটার বেসড পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৩০%, ও.বি.সি./ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫% আর অন্যান্য ক্যাটেগরি হলে ২০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় অনলাইন কম্পিউটার টেস্টের পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই।

তবে হাবিলদার পদের বেলায় অনলাইন কম্পিউটার টেস্টে সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ১৫ মিনিটে ১,৬০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় ২০ মিনিটে ১ কিমি দৌড়তে হবে। সফল হলে মেধা তালিকা তৈরি হবে। কোনো ইন্টারভিউ নেই। অনলাইন পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে প্রথম সেশন, তারপর দ্বিতীয় সেশন, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.ssc.nic.in, sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে: www.ssc.nic.in প্রার্থীদের প্রথমে One Time Registration করতে হবে। তখন বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., আধার কার্ড / প্যান কার্ড / ভোটার কার্ড / পাশপোর্ট / ড্রাইভিং লাইসেন্স / স্কুল বা, কলেজের আই.ডি. কার্ড ইত্যাদি সঙ্গে রাখতে হবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এরপর Register Now-এ গিয়ে ক্লিক করে আগের পাশওয়ার্ড দিয়ে নতুন পাশওয়ার্ড তৈরি করতে পারবেন। তারপর মূল দরখাস্ত পূরণ করতে হবে। তখন রাজ্যের নাম, সেন্টার কোড, বয়স, ঠিকানা, ক্যাটেগরি ইত্যাদি ঠিকভাবে এন্ট্রি করে Continue করলে তার পরের পৃষ্ঠায় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। এজন্য দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে এস.বি.আই. নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডে, ভীম ইউ.পি.আই-'র মাধ্যমে, ১৯ ফেব্রুয়ারির মধ্যে। চালানের মাধ্যমে টাকা জমা দিতে পারবেন ২০ ফেব্রুয়ারির মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো তথ্য ভুল দিয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ২৩ ফেব্রুয়ারি ও ২৪ ফেব্রুয়ারি রাত ১১টার মধ্যে।

**কোন রিজিয়নে ক'টি শূন্যপদ:**

**মাল্টি টাস্কিং স্টাফ (নন-টেকনিক্যাল) স্টাফ ও হাবলদার (সি.বি.আই.সি. ও সি.বি.এন.)**
**(১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়সের প্রার্থীদের জন্য)**

**পূর্বাঞ্চল ৫৮৯টি।** এর মধ্যে পশ্চিমবঙ্গে ৪৫৪টি (জেনাঃ ১৯৫, ও.বি.সি. ১০৪, তফঃজাঃ ৭১, তফঃউঃজাঃ ২৬, ই.ডব্লু.এস. ৫৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪১, অস্থি প্রতিবন্ধী ৫, বধির ৬, দৃষ্টিহীন ৪, অন্যান্য ৫)। ওড়িশা ৪৩টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ১১, তফঃজাঃ ১০, তফঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৪)। ঝাড়খন্ড ৭৫টি (জেনাঃ ৩৭, ও.বি.সি. ১৪, তফঃজাঃ ৫, তফঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ১৩)। সিকিম ১৬টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৪)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১ (ই.ডব্লু.এস.)।

**উত্তর-পূর্বাঞ্চল ২৮৬টি।** এর মধ্যে অসমে ১৬৪টি (জেনাঃ ৭২, ও.বি.সি. ৪১, তফঃজাঃ ২২, তফঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস. ১৭)। অরুণাচলপ্রদেশ ২৫টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, তফঃজাঃ ৫, তফঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)। মণিপুর ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তফঃজাঃ ১)। নাগাল্যান্ড ১৩টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৪, তফঃজাঃ ২, তফঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মেঘালয় ৫৫টি (জেনাঃ ২২, ও.বি.সি. ১৪, তফঃজাঃ ৫, তফঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৯)। মিজোরাম ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ত্রিপুরা ১৪টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৪)।

**উত্তর-পশ্চিমাঞ্চল ৮৬৯টি।** এর মধ্যে পঞ্জাব ২৭৭টি, জম্মু ও কাশ্মীর ১৫৫টি, হিমাচলপ্রদেশ ৯৭টি, চন্ডীগড় ১৩২টি, হরিয়ানা ২০৬টি, লাদাখ ২টি।

**উত্তরাঞ্চল ২৭২৪টি।** এর মধ্যে দিল্লি ২১৬৮টি, রাজস্থান ৫৫টি, উত্তরাখন্ড ৫০১টি।

**মধ্যাঞ্চলে ৯৬৩টি।** এর মধ্যে উত্তরপ্রদেশ ৭৭২টি, বিহার ১৯১টি।

**এম.পি.আর. ২৫৭টি।** এর মধ্যে মধ্যপ্রদেশ ২৩৯টি, ছত্তিশগড় ১৮টি।

**পশ্চিমাঞ্চল ১৯০৮টি।** এর মধ্যে মহারাষ্ট্র ১৭৭০টি, গুজরাত ১২২টি, গোয়া ১৬টি।

**দক্ষিণাঞ্চল ১১৮৫টি।** এর মধ্যে সর্ব ভারতীয় ১০টি, আন্ধ্রা প্রদেশ ১৫৩টি, তেলেঙ্গানা ৫০৪টি, তামিলনাড়ু ৪৬৮টি, পন্ডিচেরী ৫০টি।

**কে.কে.আর. ৫৪৮টি।** এর মধ্যে কর্ণাটক ৩৭৫টি। কেরলা ১৭৩টি।

**মাল্টি টাস্কিং স্টাফ (নন-টেকনিক্যাল) স্টাফ পদে**
**(রিজিয়নভিত্তিক শূন্যপদ)**

মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) পদে — ৯৩২৯টি। এর মধ্যে **পূর্বাঞ্চলে ৫৮৯টি** (জেনাঃ ২৫৭, ও.বি.সি. ১৩৩, তফঃজাঃ ৮৬, তফঃউঃজাঃ ৩৩, ই.ডব্লু.এস. ৮০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫১, অস্থি প্রতিবন্ধী ৭, বধির প্রতিবন্ধী ৭, দৃষ্টিহীন ৬, অন্যান্য ৬।

**উত্তর-পশ্চিমাঞ্চলে ৮৬৯টি। উত্তরাঞ্চলে ২৭২৪টি। মধ্যাঞ্চলে ৯৬৩টি। উত্তর-পূর্বাঞ্চলে ২৮৬টি, এম.পি.আর. ২৫৭টি, পশ্চিমাঞ্চলে ১৯০৮টি, দক্ষিণাঞ্চলে ১১৮৫টি, কে.কে.আর. ৫৪৮টি।**

**মাল্টি টাস্কিং স্টাফ (নন-টেকনিক্যাল) স্টাফ ও হাবলদার**
**(সি.বি.আই.সি. ও সি.বি.এন.)**
**(১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়সের প্রার্থীদের জন্য)**

**পূর্বাঞ্চলে ৫৫৭টি।** এর মধ্যে পশ্চিমবঙ্গে ৪৩৫টি (জেনাঃ ১৫৮, ও.বি.সি. ১৩১, তফঃজাঃ ৬২, তফঃউঃজাঃ ৩১, ই.ডব্লু.এস. ৫৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২২, অস্থি প্রতিবন্ধী ৮, বধির ৫, দৃষ্টিহীন ৫, অন্যান্য ১।

**ওড়িশা ২৯টি। ঝাড়খন্ড ৬টি, সিকিম ১৮টি, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ৬৯টি।**

**উত্তর-পশ্চিমাঞ্চল ৭৫৩টি।** এর মধ্যে পঞ্জাব ২১২টি, জম্মু ও কাশ্মীর ১৭৬টি, হিমাচলপ্রদেশ ৪২টি, চন্ডীগড় ৫৫টি, হরিয়ানা ১৫১টি, লাদাখ ১১৭টি।

**উত্তরাঞ্চলে ৪৫৪টি।** এর মধ্যে দিল্লি ১১৭টি, রাজস্থান ৩২০টি, উত্তরাখন্ড ১৭।

**মধ্যাঞ্চলে ৭২টি।** এর মধ্যে উত্তরপ্রদেশ ৬২টি, বিহারে ১০টি।

**উত্তর-পূর্বাঞ্চলে ১১১টি।** এর মধ্যে অসম ৫২টি, অরুণাচলপ্রদেশ ৯টি, মণিপুর ৩টি, নাগাল্যান্ড ৪টি, মেঘালয় ২৬টি, মিজোরামে ১০টি।

**এম.পি.আর. ৬৬টি।** এর মধ্যে মধ্যপ্রদেশ ৩২টি, ছত্তিশগড় ৩৪টি।

**পশ্চিমাঞ্চলে ২৪৩টি।** এর মধ্যে মহারাষ্ট্র ১৫৫টি, গুজরাত ৩২টি, গোয়া ৪৯টি। দাদরা অ্যান্ড নগরহাভেলি ও দমন ও দিউ ৭টি।

**দক্ষিণাঞ্চলে ১৮০টি।** এর মধ্যে আন্ধ্রা প্রদেশ ৯টি, তেলেঙ্গানা ৪০টি, তামিলনাড়ু ১২৭টি, পন্ডিচেরী ৪টি।

কে.কে.আর. ২২৯টি। এর মধ্যে কর্ণাটক ১০৮টি, কেরলা ১০৬টি, লাক্ষাদ্বীপ ১৫টি।

**মাল্টি টাস্কিং স্টাফ (নন-টেকনিক্যাল) স্টাফ ও হাবলদার (সি.বি.আই.সি. ও সি.বি.এন.) (রিজিয়নভিত্তিক শূন্যপদ) - ২৬৬৫টি।**

**এর মধ্যে পূর্বাঞ্চলে ৫৫৭টি। উত্তর-পশ্চিমাঞ্চলে ৭৫৩টি, উত্তরাঞ্চলে ৪৫৪টি, মধ্যাঞ্চলে ৭২টি, উত্তর-পূর্বাঞ্চলে ১১১টি, এম.পি.আর. ৬৬টি, পশ্চিমাঞ্চলে ২৪৩টি, দক্ষিণাঞ্চলে ১৮০টি, কে.কে.আর. ২২৯টি।**


বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার
9733894444
9547004388
MTS
ক্লাস শুরু 25th Jan. 2023
সব ব্রাঞ্চেই ক্লাস হবে
হেড অফিস: মসলন্দপুর, উঃ ২৪ পরগনা

বেরিয়েছে
সব চাকরি পরীক্ষার Current Affairs-এ আসবেই, এমনভাবে প্রশ্নোত্তর আকারে সাজিয়ে,
বেরোলো
সাফল্য
২১২ পাতার বিশেষ সংখ্যা
ফিরে দেখা ২০২২
আর কয়েকদিনের মধ্যে বেরোবে ২০২৩ সালের WBCS-এর বিজ্ঞপ্তি। তাই এখন থেকেই চালু হল
স্পেশাল WBCS ম্যানুয়াল
এছাড়াও বেরোলো
কেন্দ্রীয় ৮ বাহিনীর কনস্টেবল পরীক্ষার কয়েকশো প্রশ্নোত্তরের সেট
না পেলে সরাসরি যোগাযোগ করুন: 9830624170

চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Direction (Qs. 1 to 10) :** *Read the following sentences and spot the error, if any, in one part only of each sentence. The parts have been marked A, B and C in case you do not find any error in the sentence, your answer will be 'D'.*

1. I had guessed (A) that one of these women (B) were going to be operated upon. (C) No error (D).

2. Once we get the link thread (A) of his thought the poet does not remain (B) as difficult as he appears to be. (C) No error (D).

3. It is better to travel the extra mile (A) in search of peace (B) than live with unending tensions. (C) No error (D).

4. A writer of international renown he his interviewed (A) the most exalted (B) as such as the most infamous. (C) No error (D).

5. His life is a living monument with India's great relationship (A) with the West (B) ever varying yet relentless. (C) No error (D).

6. Not only they have enriched (A) the cultural life of our people but have also made memorable (B) many a friendly and family gathering. (C) No error (D).

7. That is a question an increasing (A) number of professionals (B) asks these days. (C) No error (D).

8. Her greatest gift perhaps is the ability to weave story, poetry and magic (A) in the simplest of sentence (B) so that reading is and effortless pleasure. (C) No error (D).

9. All characters in the film are fictional (A) and have no resemblance whatsoever (B) with persons in real life. (C) No error (D).

10. Not only did they not (A) allow the probe to extend to politicians but also (B) ignored the need for drastic systematic reform. (C) No error (D).

11. I personally feel (A)/ cleanliness in the city (B)/ is one proof of the efficiently civic administration. (C)/ No error (D)

12. I see you (A)/ in Kanpur during my next visit (B)/ in the month of May. (C)/ No error (D)

13. According to me (A)/ the Indians in general is (B)/ not a vigilant and security conscious people. (C)/ No error (D)

14. We play (A)/ tennis together every morning (B)/ since last June. (C)/ No error (D)

15. During last days (A)/I was continuously trying (B)/ to contact you but you were not available. (C)/ No error (D)

16. When I last see him (A)/ he was (B)/ in Calcutta. (C)/ No error (D)

17. A detailed inquiry in the incident (A)/ has been initiated (B)/ by the Central Government (C)/ No error (D)

18. The historian has been working (A)/ on the project (B)/ from last 12 years.(C)/ No error (D)

19. The last year proved quite bad (A)/ as major industries (B)/ witness lot of problems. (C)/ No error (D)

20. A lot of money is wasted in (A)/ the duplication of work (B)/ in any organisation. (C)/ No error (D)

**Direction (Qs. 21 to 25) :** *Look at the underlined part of each sentence. Below each sentence are given three possible choices for the underlined part. If one of them, namely (A), (B) or (C) is better than the underlined part, that will be your answer. If none of the choices improves the sentence, your answer will be (D).*

21. <u>If there were</u> no bad people there would be no good lawyers.
(A) If there was (B) If there will be (C) If there is (D) No improvement required

22. This intricate work demands <u>that Lathigra acquires</u> great dexterity with his hands.
(A) that Lathigra acquire (B) that Lathigra should acquire (C) that lathigra acquired (D) No improvement required

23. <u>Lest anyone think</u> it strange, let me assure you that it is true.
(A) Lest anyone thinks (B) Lest anyone should think (C) Lest anyone thought (D) No improvement required

24. He had <u>no other choice but</u> to resign.
(A) no choice than (B) no choices but (C) no choice but (D) No improvement required

25. You can <u>stay to dinner if</u> you like.
(A) stay to dinner whenever (B) stay for dinner if (C) stay into dinner if (D) No improvement required

**Direction (Qs. 126–130) :** *In the following sentences, a word in each sentence is underlined. For the underlined word, four choices are given. Choose the word nearest in meaning to the underlined part and that will be your answer.*

26. The <u>spontaneous</u> appause from the audience encouraged the artist
(A) noisy (B) cheerful (C) normal (D) natural

27. A <u>ferrid</u> farewell speech was the highlight of the function.
(A) formal (B) inspiring (C) enthusiastic (D) energetic

28. His personality reveals the anguish of an <u>inquisitive</u> and restless mind.
(A) critical (B) questioning (C) reasoning (D) cynical

29. Sometimes the thought or idea is <u>couched</u> in a riddle-like construction.
(A) expressed (B) shown (C) impressed (D) coloured

30. Hardships and sufferings could not subdue his <u>indomitable</u> spirit.
(A) undiscipled (B) unyielding (C) rigid (D) unearthly

**Direction (Qs.31–36):** *In the following passage there are blanks, each of which has been numbered. These numbers are printed below the passage and against each, five words are suggested, one of which fits the blank appropriately. Find out the appropriate words.*

Like seedless oranges, Japanese agriculture researchers were the first to develop seedless varieties of watermelones in 1951. Researchers working at the Indian Agricultural Research Institute, Pussa, New Delhi, have also produced an experimental variety and <u>31</u> it Pusa Bedana. Taiwanese scientists have also developed a seedless variety. <u>32</u> the seedless varieties have not <u>33</u> the stage of commercial cultivation. Some varieties <u>34</u> contain seeds in <u>35</u> numbers are available in the market at times. Traditionaly cultivations of watermelons in confined mostly <u>36</u> river beds but not they can be grown in almost all types of soil. Light sandy and well-drained fertile land is ideal for watermelons.

31. (A) called (B) announced (C) shouted (D) given

32. (A) however (B) like (C) If (D) when

33. (A) started (B) begun (C) open (D) reached

34. (A) who (B) when (C) where (D) short

35. (A) big (B) small (C) large (D) countless

36. (A) for (B) on (C) to (D) in

**Direction (Qs. 37-41) :** *Rearrange the following five sentences 1, 2, 3, 4 and 5 in the proper sequence so as to form a meaningful paragraph; then answer the questions given below them:*

(1) Sharan started dancing with joy. (2) The day of the interview arrived. (3) He answered well to all the questions put by the panel member. (4) Sharan was well prepared and confident (5) A week later he received the letter of appointment.

37. Which sentence should come **FIRST** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

38. Which sentence should come **SECOND** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

39. Which sentence should come **THIRD** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4 (D) 5

40. Which sentence should come **FOURTH** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

41. Which sentence should come **LAST** in the paragraph?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

**Direction (Qs. 42–46):** *In each of the following questions, five words are given, which are denoted by 1, 2, 3, 4 and 5. By using all the five words, each only once, you have to frame a meaningful and grammatically correct sentence. The correct order of the words is your answer. Choose from the five alternatives the one having the correct order of words and mark it as your answer on the answersheet.*

42. (1) smart (2) ambitious (3) and (4) is (5) Puja
(A) 41325 (B) 35421 (C) 51324 (D) 54132

43. (1) Pencil (2) a (3) good (4) need (5) I
(A) 21345 (B) 54231 (C) 21453 (D) 23145

44. (1) good (2) not (3) movie (4) the (5) is
(A) 25431 (B) 43521 (C) 21543 (D) 41523

45. (1) wanted (2) there (3) stay (4) we (5) to
(A) 21453 (B) 32541 (C) 41532 (D) 45132

46. (1) picnic (2) we (3) thoroughly (4) enjoyed (5) the
(A) 12453 (B) 53124 (C) 34251 (D) 23451

**Direction (Qs. 47–50):** *In each of these questions, two sentences are given. These two sentences are to be combined into a single sentence without changing their meaning. Three probable starters of the combined sentence are given as (X), (Y) and (Z). Any one or more or none of them may be correct. Find out he correct starter(s) and accordingly select your answer from among the given four answers.*

47. He always delays in taking any action. It makes others suffer a lot.
(X) His taking action on time makes....
(Y) Others suffer a lot because of....
(Z) On account of his procrastination...
(A) X, Y and Z (B) X and Y (C) Y and Z (D) X and Z

48. It is very cold here. You must carry warm clothes with you.
(X) Since you must....
(Y) As it is very.....
(Z) If it is very.....
(A) only Y (B) only Z (C) only X (d) X and Z

49. You need two tickets? Please stand in the queue.
(X) If you need.....
(Y) In case you need....
(Z) Should you need....
(A) only Y and Z (B) only X (C) only X and Y (D) only Z

50. The quality of the fabric was not impressive. We changed our plan of purchasing.
(X) The quality of the fabric being.....
(Y) We changed our.....
(Z) In spite of the unimpressive....
(A) only Z (B) only Y (C) only X (D) X and Y

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** 'মহিলাদের মধ্যে একজন' বলে এক বচনের। ফলে ক্রিয়াপদ 'were' না হয়ে 'was' হবে। **2(A).** 'the link thread' স্থলে হবে 'the linking thread'. **3(D). 4(C).** 'as such as' স্থলে হবে 'as much as'. **5(A).** 'with India's great relationship' স্থলে হবে 'to India's great relationship'. **6(A).** 'Not only they have' স্থলে হবে 'Not only have they'. **7(C).** 'Professionals' বহু বচনের। তাই তারপর ক্রিয়াপদ 'asks' স্থলে 'ask' বসবে। **8(B).** 'in the simplest of sentence' স্থলে 'in the simplest of sentences' বসবে। **9(C).** 'with persons' স্থলে 'to persons' বসবে। **10(D). 11(C).** বাক্যটিতে civic administration হল বিশেষ্য (noun). তাই তাকে qualify করবে বিশেষণ, ক্রিয়া-বিশেষণ নয়। এজন্য 'efficiently' না বসে বিশেষণ 'efficient' হবে। **12(D)., 13(B).** The Indians অর্থাৎ ভারতীয়রা হল বহুবচনের। তাই ক্রিয়াপদ 'is'-এর স্থলে 'are' বসবে। **14(A).** বাক্যটিতে 'since last June' থাকায় বাক্যটি Present Perfect continuous tense-এর হবে। তাই 'we play' স্থলে হবে 'we have been playing. **15(B).** বাক্যটিতে 'During last days', বাক্যটি অতীতে আরম্ভ হয়ে এখনো চলছে বোঝাচ্ছে। তাই past perfect continuous tense-এর হবে। শুদ্ধ বাক্যটি তাই হবে : During last days I have been trying continuously..... **16(A).** বাক্যটিতে 'last' শব্দটি থাকায় বোঝাই যাচ্ছে, বাক্যটি অতীত কালের। তাই শুদ্ধ হবে : when I last saw him..... **17(A).** এখানে 'Enquiry in'-এর স্থলে 'inquiry into' বসবে। **18(C).** বাক্যটি Present Perfect Continuous tense-এর। তাই এখানে 'from' না বসে 'for' বসবে। **19(C).** বাক্যটির প্রথম অংশ অতীত কালের (proved), তাই পরের অংশেও witness, past tense-এ 'witnessed' হয়ে বসবে। **20(D). 21(D). 22(A). 23(B). 24(C). 25(D). 26(D). 27(C). 28(B). 29(A). 30(B). 31(A). 32(A). 33(D). 34(D). 35(B). 36(C).** *37-41 নং প্রশ্নের চটপট উত্তর দিতে হলে আগে বাক্যগুলিকে মনে-মনে এইভাবে পরপর সাজিয়ে ফেলুন :* The day of the interview arrived. Sharan was well prepared and confident. He answered well to all the quesitons put by the panel members. A week later he received the letter of appointment. Sharan started dancing with joy. **37(B). 38(D). 39(C). 40(D). 41(A). 42(D).** Puja is smart and ambitions. **43(B).** I need a good pencil. **44(B).** The movie is not good. **45(C).** We wanted to stay there. **46(D).** We thoroughly enjoyed the picnic. *47-50 নং প্রশ্নের তিনটি বিকল্পের মধ্যে কোনটি দিয়ে বাক্য শুরু করলে অর্থ অপরিবর্তিত থেকে শুদ্ধ হবে, তা বের করতে হবে।* **47(C).** দু'টি বাক্যের অর্থ অপরিবর্তিত রেখে জুড়লে হবে : (i) other suffer a lot because of his taking any action in delay every time. (2) On account of his procrastination (দীর্ঘসূত্রতার) it makes others suffer a lot always. **48(A).** বাক্য দু'টি complex sentences গড়ে জুড়লে হবে : As it is very cold here, you must carry warm clothes with you. **49(C).** এখানে জোড়া যায় এই দু'ভাবেই : (1) If you need two tickets, please stand in the queue. (2) In case you need two tickets, please stand in the queue. **50(D).** এখানে জোড়া যায় এই দু'ভাবে : (1) The quality of the fabric being unimpressive, we changed our plan of purchasing. (2) We changed our plan of purchasing as the quality of the fabric was not impressive.

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# জুনিয়র ইঞ্জিনিয়ার পদের মেকানিক্যাল শাখার সম্ভাব্য প্রশ্নোত্তর



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়ার জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রায় ৫ বছর পর পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন এই পদে দরখাস্ত নিল। তাই শূন্যপদের সংখ্যা আরো বাড়বে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অফলাইনে লিখিত পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে — সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এই পরীক্ষায় মেকানিক্যাল শাখায় ঠিক যেমন ধরনের প্রশ্ন এবার আসার সম্ভাবনা তেমন ৫০টি প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার **সুরজিৎ ভৌমিক**।

**1.** A Quasi-static process is also called —
(a) Isobaric Process (b) Isothermal Process
(c) Reversible Process (d) Cyclic Process

**2.** In which process work done is equal to heat transfer
(a) Isobaric (b) Isochoric (c) Isothermal (d) Adiabatic

**3.** Change in entropy depends on —
(a) change in temperature (b) change in specific heat
(c) change in heat (d) change in mass

**4.** What is the emperical equation of Vanderwalls for real gases?

(a) $\left(P+\frac{a}{V^2}\right)(Vb)=RT$ (b) $\left(P+\frac{a}{V^2}\right)(V+b)=RT$

(c) $\left(P+\frac{a}{V^2}\right)(V-b)=RT$ (d) $(P+a)(V-b)=RT$

**5.** The unit of entropy is —
(a) J/kg-k (b) N-m (c) N-m/k (d) J/N-m-k

**6.** Internal Energy of a gas depends on —
(a) Pressure (b) Volume (c) Temp (d) N.A.

**7.** Which of the following is intensive property?
(a) Heat capacity (b) Work Done
(c) Kinetic Energy (d) Specific Heat

**8.** Universal gas constant is equal to —
(a) Gas Constant × molecular weight
(b) Gas Constant / molecular weight
(c) Gas Constant + molecular weight
(d) Gas Constant – molecular weight

**9.** If the heat flows into a system from the surroundings, The quantity is said to be
(a) Positive (b) Negative (c) Neutral (d) N.A.

**10.** The absence of pressure is called
(a) space (b) Black hole (c) vacuum (d) N.A.

**11.** If the boundary of the system is impervious to the flow of matter, it is called —
(a) Boundary of the system (b) Closed System
(c) Open System (d) Isolated System.

**12.** In an engine, the ratio of indicated work done to heat supplied is known as —
(a) Thermal Efficiency (b) Relative Efficiency
(c) Mechanical Efficiency (d) Overall Efficiency

**13.** Entropy of water when heated at constant pressure from temp. $T_1$ to $T_2$ is
(a) $(S_2-S_1)=C_p \ln(T_1/T_2)$ (b) $(S_2-S_1)=C_p \ln(T_2/T_1)$
(c) $(S_2-S_1)=C_p \ln(T_1-T_2)$ (d) NA

**14.** The change of state taking place without any heat transfer is called
(a) Isothermal (b) Adiabatic (c) Isobaric (d) Polytropic

**15.** The gas constant of 2 kg-mole oxygen gas is
(a) 0.287 KJ/kg-K (b) 0.13 KJ/kg-K
(c) 0.25 KJ/kg-K (d) 0.2 KJ/kg-K

**16.** For irreversible process, which one is the correct?
(a) $\oint\frac{dQ}{T}=0$ (b) $\oint\frac{dQ}{T}>0$ (c) $\oint\frac{dQ}{T}<0$ (d) NA

**17.** We get characteristic of perfect gas from
(a) Boyle's law (b) Charl's law
(c) Both a & b (d) None a & b

**18.** The equation of Boiler is given by —
(a) $Q=h_1-h_2$ (b) $Q=h_2-h_1$
(c) $W=h_1-h_2$ (d) $W=h_2-h1$

**19.** A series of states through which thermodynamic system passes is called —
(a) point (b) path (c) process (d) N.A.

**20.** In which process heat transfer is equal to change in internal energy?
(a) Isobaric (b) Isochoric (c) Isothermal (d) Adiabatic

**21.** Moment of inertia of a semicircle about its x-x axis is given by (r=radius)
(a) $0.05r^4$ (b) $0.11r^4$ (c) $0.22r^4$ (d) $0.33r^4$

**22.** The ratio of normal stress to volumetric strain is called —
(a) Young's Modulus (b) Modulus of rigidity
(c) Volume modulus of elasticity (d) N.A.

**23.** The ratio of equivalent length of a column, having one end fixed and other end pin joined, to its actual length is —
(a) $\frac{1}{2}$ (b) $\frac{1}{\sqrt{2}}$ (c) 2 (d) $\sqrt{2}$

**24.** The length of column having less than 8 times their diameter is called —
(a) long column (b) short column (c) medium column (d) N.A.

**25.** Hooke's law good holds upto
(a) proportional limit (b) elastic limit
(c) ultimate point (d) breaking point

**26.** Eular's formula is applicable to —
(a) short column (b) medium column
(c) long column (d) medium column as well as short column

**27.** The example(s) of strut —
(a) Piston rod (b) Connecting rod
(c) Side link of forging machine (d) All of above

**28.** A cantilever beam carrying u.d.l over the entire span, the shear force diagram is —
(a) rectangular area (b) triangular area (c) parabolic area (d) N.A.

**29.** For a particular load distribution and support condition in a beam of length 'L' the bending moment at any section $x(0<x<L)$ is given by
$$M(x)=Ax-Bx^2$$
Where A & B are constant.
The shear force in the beam will be zero at
(a) $x=\frac{A}{2B}$ (b) $x=\frac{A}{B}$ (c) $x=\frac{2A}{B}$ (d) $x=L$

**30.** A cantilever beam of span 6 m carries a point load of 100 kN at the free end and another point load 'W' at the mid of its length. If the maximum bending moment is stated to be 900 kN-m, the load 'W' will have the value —
(a) 50 kN (b) 100 kN (c) 150 kN (d) 200 kN

**31.** The chamfering is an essential operation after
(a) Knurling (b) Rough turning (c) Boring (d) Thread cutting

**32.** In Taylor's tool life equation $\sqrt{T^n}=C$, the constants n and C depend upon —
1. work piece material
2. tool material
3. coolant
(a) 1 , 2 and 3 (b) 1 and 2 only (c) 2 and 3 only (d) 1 and 3 only

**33.** A Lathe's bed is generally made of —
(a) cast iron (b) cast steel (c) mild steel (d) wrought iron

**34.** In drill brass, a drill with
(a) zero helix angle is used (b) low helix angle is used
(c) high helix angle is used (d) any helix angle can be used

**35.** The only angle on which the strength of the tool depends, is
(a) lip angle (b) clearance angle (c) rake angle (d) cutting angle

**36.** The process of enlarging a hole is known as
(a) counter boarding (b) counter sinking (c) boring (d) drilling

**37.** The average cutting speed for turning mild steel with a high speed steel tool is —
(a) 15 to 19 m/min (b) 25 to 31 m/min
(c) 60 to 90 m/min (d) 90 to 120 m/min

**38.** During taper turning, the compound rest is swivelled through an angle given by —
(a) $\tan\phi=\frac{D-d}{2l}$ (b) $\tan2\phi=\frac{D-d}{2l}$
(c) $\tan\phi=\frac{D-d}{l}$ (d) $\tan2\phi=\frac{D-d}{l}$

**39.** In reaming process —
(a) Metal removal rate is high
(b) High surface finish is obtained
(c) High form accurecy is obtained
(d) High dimensional accuracy is obtained

**40.** The main purpose of boring operation, as compared to drilling is to —
(a) Drill a hole (b) Finish the drilling hole
(c) Correct the hole (d) Enlarge the existing hole

**41.** The B.M. of a cantilever beam shown in figure about fixed end —




(a) Zero (b) 8Tm (c) 12Tm (d) 20Tm

**42.** Calculate the value of modulus of rigidity ($N/mm^2$) if the Poisson's ratio is 0.25 and modulus of elasticity for the material is 200 $N/mm^2$
(a) 50 (b) 80 (c) 100 (d) 1502

**43.** Consider the bending equation given below,
$$\frac{\sigma}{y}=\frac{M}{I}=\frac{E}{R}$$
The term R is known as —
(a) Mass moment of inertia (b) Area moment of inertia
(c) Radius of curvature (d) Shear stress

**44.** The limit of Poisson's ratio is —
(a) 0.25 (b) 0.15 (c) 0.50 (d) 0.65

**45.** The ratio of modulus of rigidity (G) to modulus of elasticity $\varepsilon$ of a material for a possion's ratio of 0.25 would be –
(a) 0.5 (b) 0.4 (c) 0.3 (d) 0.1

**46.** The phenomenon of slow extension of material having constant load, i.e. increasing with the time is called –
(a) creeping (b) Yielding (c) Breaking (d) None of these.

**47.** What is the ability of the material to the resist penetration and abrasion?
(a) strength (b) hardness (c) toughness (d) stiffness

**48.** What is the relationship between the linear elastic properties E, G and K?

(a) $\frac{1}{E}=\frac{9}{K}+\frac{3}{G}$ (b) $\frac{3}{E}=\frac{9}{K}+\frac{1}{G}$
(c) $\frac{9}{E}=\frac{3}{K}+\frac{1}{G}$ (d) $\frac{9}{E}=\frac{1}{K}+\frac{3}{G}$

**49.** The reaction at the rigid supports at A and B for the bar loaded as shown in figure are respectively




(a) 20/3 KN, 10/3 kN (b) 10/3 KN, 20/3 kN
(c) 5kN, 5 kN (d) 6 kN, 4 kN

**50.** Tool life increases with increase in
(a) cutting speed (b) nose radius (c) feed (d) depth of cut.

## উত্তর

**1(c). 2(c). 3(c). 4(c). 5(c). 6(c). 7(d). 8(a). 9(a). 10(c). 11(b). 12(a). 13(b). 14(b).15(b). 16(c). 17(c). 18(b). 19(b). 20(b). 21(b). 22(c). 23(b). 24(b).. 25(b). 26(c). 27(d). 28(b). 29(a). 30(b). 31(d). 32(a).33(a). 34(b). 35(c). 36(c). 37(b). 38(a). 39(d). 40(d). 41(a). 42(b). 43(c). 44(c). 45(b). 46(a). 47(b). 48(d). 49(a). 50(b).**

# পক্ষকাল
## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৫ জানুয়ারি :** ৫-স্টার রেটিং তথা 'ইট রাইট স্টেশন' সার্টিফিকেশন পেল ভারতীয় রেলের 'বারাণসী ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন'। যাত্রীদের উচ্চমানের পুষ্টিকর খাবার প্রদানের জন্য 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া'র তরফ থেকে এই রেটিং পেল তারা। এই শংসাপত্রটি হল 'ইট রাইট ইন্ডিয়া' উদ্যোগের অংশ।

❑ রাজ্যের টিকামগড় জেলার বাকপুরা পঞ্চায়েত থেকে, 'মুখ্যমন্ত্রীর আবাসিক জমি অধিকার প্রকল্প' চালু করল মধ্য প্রদেশ সরকার। এদিন, নির্বাচিত সুবিধাভোগীদের বিনামূল্যে আবাসিক জমির পাট্টা বিতরণ করেছেন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। এই প্রকল্পের জন্য, রাজ্য জুড়ে প্রায় ১৪ লাখ মানুষের আবেদন গৃহীত হয়েছে। এই প্রকল্পের লক্ষ্য হল, গ্রামীণ এলাকার বসবাসকারী গরিবদের তাঁদের বাড়ি তৈরির জন্য বিনামূল্যে জমি প্রদান করা।

❑ ২০২২ সালে 'ওদাকুঝাল পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন লেখক অম্বিকাসুথান মানগদ। 'প্রাণবায়ু' নামে ছোটগল্পের সংকলনের জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি। মালয়লম ছোট গল্পের সেরা সংগ্রহের জন্য, 'গুরুভায়ুরাপ্পান ট্রাস্ট'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়।

❑ 'রাজ্য খাদ্য নিরাপত্তা প্রকল্প'এর অধীনে, আগামী ১ বছরের জন্য সুবিধাভোগীদের প্রতি মাসে ৫ কেজি চাল বিনামূল্যে বিতরণের নির্দেশ দিলেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। এবছরের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত এই সুবিধা পাবেন গ্রাহকরা। এজন্য খরচ হবে প্রায় ১৮৫ কোটি টাকা।

❑ রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের জন্য, 'দিদির সুরক্ষা কবচ' কর্মসূচি চালু করল পশ্চিমবঙ্গ সরকার। এই কর্মসূচির মধ্য দিয়ে প্রায় সাড়ে ৩ লাখ তৃণমূল নেতা-কর্মী ও ভলেন্টিয়াররা গ্রামে-গ্রামে, বাড়ি-বাড়ি ঘুরে খোঁজ নেবেন কন্যাশ্রী, স্বাস্থ্যসাথী, শিক্ষাশ্রী-সহ রাজ্যের অন্যান্য প্রকল্পগুলি সাধারণ মানুষের কাছে পৌঁছেছে কিনা, না পৌঁছালে কেন পৌঁছায়নি এইসব কিছুর হাল-হকিকত।

❑ ভারতীয় পাব্লিক এন্টারপ্রাইজ সমীক্ষা ২০২১-'২২ অনুযায়ী, ২০২১-'২২ সালে শীর্ষ মুনাফা অর্জনকারী কেন্দ্রীয় পাব্লিক সেক্টর এন্টারপ্রাইজ ছিল 'ওএনজিসি'। 'ওএনজিসি'র পর, অন্যান্য সর্বাধিক মুনাফা অর্জনকারী এন্টারপ্রাইজ হল ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, পাওয়ার গ্রিড, এনটিপিসি ও সেইল। ২০২১-'২২ সালের মধ্যে অপারেটিং পাব্লিক সেক্টর এন্টারপ্রাইজগুলির মোট মুনাফা ৫০.৮৭% বেড়ে ২.৪৯ লাখ কোটি টাকা হয়েছে, যা ২০২০-'২১ সালে ছিল ১.৬৫ লাখ কোটি টাকা।

**৬ জানুয়ারি :** 'ব্যাঙ্ক অফ সিঙ্গাপুর'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন জেসন মু।



ভারতের ৭৯তম গ্র্যান্ডমাস্টার হলেন ১৬ বছর বয়সি প্রণেশ এম.। ফিডে সার্কিটের প্রথম টুর্নামেন্ট 'রিল্টন কাপ'এর শিরোপা জিতেছেন তিনি।

❑ ৪৬তম 'কলকাতা আন্তর্জাতিক বইমেলা'র উদ্বোধন হবে ৩০ জানুয়ারি। চলবে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত। এবছরের থিম দেশ স্পেন। এর আগে ২০০৬ সালেও বইমেলার থিম দেশ হিসাবে অংশ নিয়েছিল স্পেন। কলকাতার সল্টলেকের সেন্ট্রাল পার্ক মেলা গ্রাউন্ডে এটি অনুষ্ঠিত হবে, যার নতুন নাম দেওয়া হয়েছে বইমেলা প্রাঙ্গন।



অস্ট্রেলিয়ার প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে, 'সিডনি ক্রিকেট গ্রাউন্ড'এ বসল বেলিন্ডা ক্লার্কের ব্রঞ্জ মূর্তি। সারা দেশের ৭৩ জন পুরুষ ক্রিকেটারের মূর্তি থাকলেও, কোনো মহিলা ক্রিকেটারের মূর্তি এতদিন সেখানে ছিল না। প্রাক্তন অধিনায়ক রিচি বেনউড ও স্টিভ ওয়াহ'র পাশে বসানো হয়েছে বেলিন্ডার মূর্তি।

❑ ওড়িশার রৌরকেলায়, 'বীরসা মুন্ডা আন্তর্জাতিক হকি স্টেডিয়ামে'র উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। বিশ্বের বৃহত্তম হকি স্টেডিয়াম এটি। আনুমানিক ২৬১ কোটি টাকা খরচে, সুন্দরগড় জেলায় অবস্থিত স্টেডিয়ামটির নামকরণ করা হয়েছে বীরসা মুন্ডার নামে। ৫০ একর জমিতে ১৫ মাসের রেকর্ড সময়ের মধ্যে ২০,০০০ মানুষের বসার ক্ষমতা-সহ এই স্টেডিয়াম তৈরি করা হয়েছে।

❑ ২০২১ সালের জন্য 'সেরা পুলিশ ইউনিট' পুরস্কারে ভূষিত হল মহারাষ্ট্রের জালনা জেলা পুলিশ ও নাগপুর সিটি পুলিশ। আইনশৃঙ্খলা বজায় রাখা, আধুনিক প্রযুক্তির ব্যবহার, কমিউনিটি পুলিশিং ও প্রশাসনের বিকাশের জন্যে এই পুরস্কার পেল তারা। জালনা জেলা পুলিশ 'এ' শ্রেণিতে ও নাগপুর পুলিশ 'বি' শ্রেণিতে এই পুরস্কার পেয়েছে।

❑ মৌমাছিদের জন্য বিশ্বের প্রথম টিকার অনুমোদন দিল মার্কিন যুক্তরাষ্ট্র। এই টিকা মৌমাছিদের 'ফাউলব্রুড'-সহ বিভিন্ন প্রাণঘাতী রোগ থেকে রক্ষা করবে। শর্তসাপেক্ষে এই টিকা ব্যবহারের অনুমোদন দিয়েছে 'ইউএস ডিপার্টমেন্ট অফ অ্যাগ্রিকালচার'। মার্কিন বায়োটেক কোম্পানি 'ডালান অ্যানিম্যাল হেল্থ' এই টিকাটি তৈরি করেছে। প্রাথমিকভাবে, বাণিজ্যিকভাবে মৌমাছি পালনকারীদের এই টিকাটি ব্যবহারের অনুমতি দেওয়া হবে, যা 'ফাউলব্রুড' ও ব্যাকটেরিয়া 'পেনিব্যাসিলাস' থেকে মৌমাছিদের রক্ষা করবে। সেইসঙ্গে মৌমাছিদের মৃত্যুর হার কমিয়ে দেবে।

❑ পঞ্জাবের মোহালিতে 'ন্যাশনাল অ্যাগ্রি-ফুড বায়োটেকনোলজি ইনস্টিটিউট'এ, 'ন্যাশনাল জিনোম এডিটিং অ্যান্ড ট্রেনিং সেন্টার'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং। অত্যাধুনিক সুযোগসুবিধা দিয়ে সজ্জিত ও জিনোম পরিবর্তন-সহ বিভিন্ন জিনোম এডিটিং পদ্ধতি গ্রহণ ও আঞ্চলিক চাহিদা পূরণের জন্য এটি একটি উপযুক্ত প্ল্যাটফর্ম। বর্তমান জলবায়ু পরিস্থিতিতে ফসলের উন্নতি করতে সহায়তা করবে এই কেন্দ্র।

**৭ জানুয়ারি :** 'অল ইন্ডিয়া জেম অ্যান্ড জুয়েলারি ডোমেস্টিক কাউন্সিল'এর চেয়ারম্যান হলেন সৈয়াম মেহরা।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।



মার্কিন যুক্তরাষ্ট্রে, 'নিউ ইয়র্ক ফিল্ম ক্রিটিক্স সার্কল'এ 'সেরা পরিচালক'এর শিরোপা পেলেন ভারতীয় চলচ্চিত্র পরিচালক এস.এস.রাজামৌলি। 'আরআরআর' চলচ্চিত্রটি পরিচালনা করার জন্য এই শিরোপা পেলেন তিনি।

❑ রাষ্ট্রসঙ্ঘের অন্তর্বর্তী নিরাপত্তা বাহিনীতে, ভারতীয় ব্যাটালিয়নের অংশ হিসাবে সুদানের আবেই অঞ্চলে মহিলা শান্তিরক্ষীদের একটি প্লাটুন মোতায়েন করল ভারত। রাষ্ট্রসঙ্ঘে, ভারতের স্থায়ী মিশনের মাধ্যমে জারি করা একটি রিলিজ অনুসারে, রাষ্ট্রসঙ্ঘে ২০০৭ সালে লাইবেরিয়ায় সর্বপ্রথম ভারতের মহিলা বাহিনী মোতায়েন করার পর থেকে, রাষ্ট্রসঙ্ঘ মিশনে মহিলা শান্তিরক্ষীদের বৃহত্তম একক দল এটি। রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষী বাহিনীতে ভারতীয় মহিলাদের সংখ্যা বাড়ানোর প্রচেষ্টা এটি।

❑ কর্মক্ষেত্রে অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিশেষজ্ঞ কোম্পানি 'অবতার গ্রুপ'এর তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, মহিলাদের কর্মসংস্থানের নিরিখে ভারতের সব রাজ্যের মধ্যে শীর্ষ স্থান পেল চেন্নাই। এছাড়াও, এই তালিকায় রয়েছে পুণে, বেঙ্গালুরু, হায়দরাবাদ ও মুম্বই।

❑ 'নিক্কেই এশিয়া' ইন্ডাস্ট্রি তথ্য অনুযায়ী, এই প্রথমবারের জন্য জাপানকে ছাড়িয়ে, বিশ্বে গাড়ির বাজারে তৃতীয় স্থানে উঠে এল ভারত। ২০২২ সালের জানুয়ারি থেকে নভেম্বর পর্যন্ত, ভারতে মোট নতুন গাড়ি বিক্রির পরিমাণ বেড়েছে ৪ লাখ ২৫ হাজার ইউনিট, যেখানে জাপানের পরিসংখ্যান ৪ লাখ ২ হাজার ইউনিট। ভারতের বৃহত্তম গাড়ি প্রস্তুতকারী সংস্থা 'মারুতি সুজুকি'র দেওয়া তথ্য অনুযায়ী, এই সময়ের মধ্যে গাড়ি সরবরাহ করা হয়েছে ৪ লাখ ২৫ হাজার ইউনিট।

❑ পুণেতে, 'এটিপি ওয়ার্ল্ড ট্যুর'এ পুরুষদের সিঙ্গলস খেতাব জিতলেন নেদারল্যান্ডসের ট্যালন গ্রিকসপুর। ফরাসি প্রতিদ্বন্দ্বী বেঞ্জামিন বনজি'কে ৪-৬, ৭-৫ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে, এই খেতাব জিতলেন তিনি।



বল মোকাবিলা করার ক্ষেত্রে, আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে দ্রুততম ১,৫০০ রান করলেন ভারতের তারকা মিডল অর্ডার ব্যাটার সূর্যকুমার যাদব। শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজের তৃতীয় টোয়েন্টি-২০ ম্যাচে এই মাইলফলক ছুঁলেন তিনি। নিজের কেরিয়ারের তৃতীয় আন্তর্জাতিক টোয়েন্টি-২০ শতরান (অপরাজিত ১১২ রান) করেই নতুন ইতিহাস গড়ে ফেললেন তিনি। আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে মাত্র ৮৪৩ বল খেলেই ১,৫০০ রানের গণ্ডি পার করে ফেললেন তিনি। এত কম বল খেলে আর কোনো ব্যাটার আন্তর্জাতিক ২০ ওভারের ক্রিকেটে ১,৫০০ রান করেননি। তবে, ইনিংসের নিরিখে তৃতীয় দ্রুততম ব্যাটার হিসাবে এই মাইলফলক পার করলেন সূর্যকুমার। এর আগে, কে.এল.রাহুল, বিরাট কোহলি, বাবর আজম ও অ্যারন ফিঞ্চ ৩৯ ইনিংসে দ্রুততম ১,৫০০ আন্তর্জাতিক টোয়েন্টি-২০ রান করেন। পাক-ই-স্তানি তারকা মহম্মদ রিজওয়ান ৪২ ইনিংসে এই মাইলফলক পার করেন। অন্যদিকে, এদিন নিজের ৪৩ তম ইনিংসে ১,৫০০ রান করলেন সূর্যকুমার। ৪৫টি ম্যাচে ৪৩টি ইনিংসে মোট ১,৫৭৮ রান করেছেন তিনি। গড় ৪৬.৪১ ও স্ট্রাইক রেট ১৮০.৩৪।

❑ বিশ্বের প্রথম পাম-পাতার পাণ্ডুলিপির জাদুঘর চালু হল কেরালার রাজধানী শহর তিরুবনন্তপুরমে, যা রাজ্যকে সাংস্কৃতিক ও শিক্ষাগতভাবে সমৃদ্ধ করেছে। রাজ্যের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন এটির উদ্বোধন করেছেন। ৩ কোটি টাকা খরচে, 'কেরালা মিউজিয়াম অফ হিস্ট্রি অ্যান্ড হেরিটেজ' এর সঙ্গে যৌথভাবে রাজ্যের 'আর্কাইভ্স বিভাগ এই জাদুঘরটি স্থাপন করেছে। এই জাদুঘরে ১৮৭টি পাণ্ডুলিপি রয়েছে। এই নথিগুলি পরিষ্কার ও উজ্জ্বল পাম পাতার ওপর লেখা হয়েছে। এই জাদুঘরটিতে, ভারতের মাটিতে ইউরোপীয় শক্তিকে পরাজিত করার জন্য, এশিয়ার প্রথম রাজ্য ত্রাভাঙ্কোরের জনপ্রিয় গল্পের একটি সংগ্রহ রয়েছে।

❑ টেনিস থেকে অবসর নেওয়ার কথা ঘোষণা করলেন ভারতীয় মহিলা টেনিস তারকা সানিয়া মির্জা। এবছর 'অস্ট্রেলিয়ান ওপেন' ও ফেব্রুয়ারিতে 'দুবাই ওপেন'এর পর টেনিস থেকে অবসর নেবেন তিনি।

❑ ৩ জানুয়ারি, 'রঞ্জি ট্রফি'র ইতিহাসে প্রথম বোলার হিসাবে প্রথম ওভারে হ্যাটট্রিক করার নজির গড়লেন জয়দেব উনাদকাট। দিল্লির বিরুদ্ধে ম্যাচে সৌরাষ্ট্রের হয়ে খেলতে নেমে প্রথম ওভারেই হ্যাটট্রিক করলেন এই তারকা বাঁহাতি পেসার। মাত্র ৫ বলের মধ্যেই হ্যাটট্রিক পূর্ণ করেন তিনি। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বলে তিনি ফেরালেন ধ্রুব শোরে, বৈভব রাওয়াল ও যশ ধুলকে।

**৮ জানুয়ারি :** 'পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন সুরিন্দর চাওলা।



কোভিড-১৯ টিকার ক্ষেত্রে অসামান্য কাজের জন্য, প্রথম 'ড.পতঙ্গরাও কদম মেমোরিয়াল পুরস্কার' পেলেন টিকা প্রস্তুতকারক কোম্পানি 'সেরাম ইনস্টিটিউট অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার আদর পুনাওয়ালা। মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ তাঁকে এই পুরস্কার দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, পতঙ্গরাও কদম ছিলেন মহারাষ্ট্রের একজন নেতা, যিনি মহান শিক্ষা প্রদান ও মানসম্পন্ন মানবসম্পদ তৈরির জন্য ১৯০টি প্রতিষ্ঠান তৈরি করেছিলেন। তাঁর স্মরণেই এই পুরস্কারটি চালু করা হয়েছে।

❑ পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী (৮৮ বছর) মারা গেলেন। পশ্চিমবঙ্গের ২০ তম রাজ্যপাল ছিলেন তিনি। ২০১৪ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত, পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে দায়িত্ব নিয়েছিলেন তিনি। বিহার, মেঘালয় ও মিজোরামের রাজ্যপালেরও দায়িত্ব সামলেছিলেন তিনি।

❑ কেরালাকে, দেশের প্রথম সম্পূর্ণ ডিজিটাল ব্যাঙ্কিং রাজ্য হিসাবে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। কেরালা হল দেশের প্রথম রাজ্য, যেখানকার সব জেলায় অন্তত একটি সেভিংস ও কারেন্ট অ্যাকাউন্ট ডিজিটাইজ করা হয়েছে। এই স্বীকৃতি রাজ্যের অর্থনীতিকে চাঙ্গা করে তুলবে বলে মনে করা হচ্ছে। ব্যাঙ্কিং খাতে পরিকাঠামোগত উন্নয়ন ও প্রযুক্তিগত অগ্রগতির পাশাপাশি, স্থানীয় স্ব-সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সামাজিক হস্তক্ষেপের কারণে এই স্বীকৃতি অর্জন সম্ভব হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, রাজ্যে প্রথম ২০২১ সালে সম্পূর্ণ ডিজিটাল ব্যাঙ্কিং বাস্তবায়নকারী জেলার স্বীকৃতি পায় ত্রিশুর। এরপর, রাজ্যের কোট্টায়াম জেলাও একটি সম্পূর্ণ ডিজিটাল ব্যাঙ্কিং ব্যবস্থা চালু করে।

❑ কেন্দ্রের 'স্বদেশ দর্শন ২.০ প্রকল্প'এর অধীনে, কর্ণাটকের ২টি জনপ্রিয় গন্তব্য মহীশউর ও হাম্পি'কে যুক্ত করা হল। ভারতের ৮টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে আরও

১৯টি স্থানকেও এই তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। দেশজুড়ে পর্যটনের উন্নতিতে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের একটি অন্যতম প্রকল্প হল 'স্বদেশ দর্শন'। বিভিন্ন থিম ভিত্তিক ট্যুরিস্ট সার্কিটগুলিকে সমন্বিত করে সার্বিক পর্যটন শিল্পের বিকাশ ঘটাতে, ২০১৫ সালে এই প্রকল্পটি চালু করে কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পের অধীনে, দেশের স্থানগুলির পরিকাঠামো উন্নয়নের জন্য রাজ্য সরকারকে আর্থিক সহায়তা প্রদান করে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক।

❑ জম্মুতে, ভারতীয় সেনাবাহিনীর জন্য কম ধোঁয়া যুক্ত সুপিরিয়র কেরোসিন তেল চালু করল 'ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড'। প্রথম তেল বিপণন কোম্পানি হিসাবে, ভারতীয় সেনাবাহিনীতে নতুন এলএসএলএ গ্রেডের সুপিরিয়র কেরোসিন তেল সরবরাহ শুরু করল তারা। সাধারণ কেরোসিন তেল যথেষ্ট ধোঁয়া নির্গমন করে, যা উচ্চতম অঞ্চলে ব্যবহার করা কর্মীদের স্বাস্থ্যের জন্য অত্যন্ত বিপজ্জনক, কারণ সেখানে অক্সিজেনের মাত্রা খুবই কম। তাই, এই কম ধোঁয়া যুক্ত কেরোসিন তেল দেশের সেনাদের স্বাস্থ্যের জন্য কম ক্ষতিকারক বলে মনে করা হচ্ছে।

❑ রাজ্যের বিভিন্ন অংশে জাতিগত সমীক্ষা শুরু করল বিহার সরকার। ২টি পর্যায়ে তা পরিচালিত হবে। প্রথম ধাপের সমীক্ষা শেষ হবে ২১ জানুয়ারি। তারপর ৩০ এপ্রিল শুরু হবে দ্বিতীয় ধাপের সমীক্ষা, যেটি শেষ হবে ৩১ মে। এক-একটি পরিবারে কত মানুষ বাস করেন, তাদের জাতি, উপজাতি, আর্থ-সামাজিক অবস্থা-সহ যাবতীয় তথ্য নেওয়া হবে। এই সমীক্ষাটি রাজ্যের জাতি ও সম্প্রদায়ের প্রকৃত তথ্য তুলে ধরবে ও তা রেকর্ড থাকবে, যা রাজ্যের উন্নয়নে সাহায্য করবে।

❑ মৌসম ভবনের গবেষণা অনুসারে, ১৯০১ সালের পর, ভারতের পঞ্চম উষ্ণতম বছরের তকমা পেল ২০২২। প্রথম চারে রয়েছে ২০১৬, ২০০৯, ২০১৭ ও ২০১০। ২০২২ সালে ভূপৃষ্ঠের বার্ষিক গড় তাপমাত্রা দীর্ঘমেয়াদী গড় থেকে ০.৫১ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল, যা ১৯৮১-২০১০ সময়ের গড় তাপমাত্রা। গ্রিন হাউস গ্যাসের নির্গমনকেই পৃথিবীর বায়ুমণ্ডলের এই উষ্ণতা বাড়ার জন্য দায়ী করছেন বিজ্ঞানীরা। ১৮৮০ সাল থেকে বৈশ্বিক তাপমাত্রা নথিভুক্ত করার রীতি চালু হয়। কিন্তু গত ৯ বছরে বৈশ্বিক তাপমাত্রা যে পর্যায়ে পৌঁছেছে, তা এর আগে কখনও লক্ষ্য করা যায়নি বলে মত বিজ্ঞানীদের। ১৯ শতকের তুলনায় ২০২২ সালের বৈশ্বিক তাপমাত্রা ২ ডিগ্রি ফারেনহাইট (১.১১ ডিগ্রি সেলসিয়াস) বেশি ছিল।

❑ অ্যাডিলেড আন্তর্জাতিক পুরুষদের সিঙ্গলস শিরোপা জিতলেন সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ। মার্কিন যুক্তরাষ্ট্রের সেবাস্তিয়ান কোর্দাকে ৬-৭ (৮-১০), ৭-৬ (৭-৩) ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, এই শিরোপা জিতলেন তিনি।

**৯ জানুয়ারি** : মার্কিন প্রতিনিধি পরিষদের অধ্যক্ষ নির্বাচিত হলেন রিপাব্লিকান নেতা কেভিন ম্যাকার্থি।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম ভারতীয় বংশোদ্ভূত মহিলা শিখ বিচারক হলেন মনপ্রীত মনিকা সিং।

❑ 'আমুল' কোম্পানির ম্যানেজিং ডিরেক্টরের পদ থেকে পদত্যাগ করলেন আর.এস.সোধি।

❑ দেশের সবথেকে পুরনো ফৌজদারি মামলার বয়স ৬৯ বছর। ১৯৫৩ সালের ১৮ মে, মহারাষ্ট্রের রায়গড়ে এই মামলাটি নথিভুক্ত করা হয়। সেইসঙ্গে অনেক দেওয়ানী ও ফৌজদারি মামলা সেইসময় দায়ের করা হয়েছিল, যখন 'সুপ্রিম কোর্ট'এর বর্তমান ২৭ জন বিচারপতির মধ্যে কেউ-ই জন্মগ্রহণ করেননি। এখন, সুপ্রিম কোর্টের সবথেকে বরিষ্ঠ বিচারপতি দীনেশ মাহেশ্বরীও ১৯৫৮ সালের ১৫ মে জন্মগ্রহণ করেন। ১৯৫৩ সালের ১৮ মে, মহারাষ্ট্রের রায়গড়ে মাদকদ্রব্য রাখার জন্য পুলিশ একটি মামলা নথিভুক্ত করে। ওই বছরই, রায়গড়ের প্রথম শ্রেণির বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট মহারাষ্ট্র নিষিদ্ধকরণ আইন ১৯৪৯ এর ধারা ৬৫-এ'র অধীনে এই মামলায় অভিযুক্তদের বিরুদ্ধে একটি অ-জামিনযোগ্য পরোয়ানা জারি করেছিলেন।

❑ ভারতের প্রধান বিচারপতি ড.ধনঞ্জয় যশবন্ত চন্দ্রচূড়কে, ২০২২ সালের 'গ্লোবাল লিডারশিপ পুরস্কার'এর জন্য নির্বাচন করল 'হার্ভার্ড ল স্কুল সেন্টার অন দ্য লিগ্যাল প্রফেশন'। আইনি পেশায় জাতীয় ও আন্তর্জাতিকভাবে অসমান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তিনি। ১১ জানুয়ারি, তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ পৃথিবী

১৫ তম 'জয়পুর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এর উদ্বোধনী অনুষ্ঠানে, 'জীবনকৃতি সম্মান' পেলেন



প্রখ্যাত অভিনেত্রী তথা পরিচালক অপর্ণা সেন। এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন 'গ্র্যামি' পুরস্কার বিজয়ী রিকি কেজ, চিত্রনাট্য লেখক কমলেশ পাণ্ডে, চিত্রনাট্য লেখক তথা চলচ্চিত্র প্রযোজক হায়দার হেল-সহ অন্যান্য ব্যক্তিরা। ৬৩টি দেশের ২৮২টি চলচ্চিত্র এই অনুষ্ঠানে দেখানো হয়েছে।

❑ মহারাষ্ট্রের প্রথম আদালত হিসাবে, ই-সিস্টেম চালু করল 'ওসমানাবাদ জেলা আদালত'। এই সিস্টেমের অধীনে, ফাইলিং, অর্থ প্রদান ও আদালত সংক্রান্ত সব ধরনের কাজ এবার থেকে মোবাইল অ্যাপ বা অনলাইনের মাধ্যমে করা যাবে। এছাড়াও, আদালতের গ্রন্থাগারকেও ডিজিটাল মাধ্যমে রূপান্তরিত করা হয়েছে। এরমধ্যেই, জেলার ৫০০ জন আইনজীবী এই নতুন পদ্ধতিতে নিবন্ধন করেছেন।

❑ ভারতে প্রথমবার ফর্মুলা ই ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ রেস আয়োজন করবে হায়দরাবাদ। ১০ ও ১১ ফেব্রুয়ারি এই রেস হবে। এই চ্যাম্পিয়নশিপের প্রথম টিকিট বুক করেছেন তেলেঙ্গানার বিশেষ মুখ্য সচিব (পুর প্রশাসন) অরবিন্দ কুমার। এটি একটি ৪ বছরের চুক্তির অংশ, যা ২০২৬ সাল পর্যন্ত ভারতে অনুষ্ঠিত হবে।

❑ মধ্য প্রদেশে হতে চলা পঞ্চম 'খেলো ইন্ডিয়া যুব গেমস'এর মশাল, ম্যাসকট ও থিম গানের উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। 'খেলো ইন্ডিয়া যুব গেমস'এর ম্যাসকটের নাম 'আশা' ও 'মোগলি'। থিম গানের নাম 'হিন্দুস্তান কা দিল ধড়কা দো', যেটি গেয়েছেন সঙ্গীতশিল্পী শান। অন্যদিকে, মশালটির নাম 'অমরকণ্টক', যার ওপরে মা নর্মদার মূর্তিও খোদাই করা আছে। দেশের যেকোনো খেলায় এটিই প্রথম স্মার্ট মশাল। প্রসঙ্গত উল্লেখ্য, ৩১ জানুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে এই টুর্নামেন্ট।

❑ যুক্তরাজ্যের বার্মিংহামে, 'ব্রিটিশ জুনিয়র ওপন টুর্নামেন্ট'এ মেয়েদের অনূর্ধ্ব-১৫ স্কোয়াশ খেতাব জিতলেন ভারতের আনাহাত সিং। মিশরের সোহেলা হাজেমকে ৩-১ ব্যবধানে হারিয়ে এই খেতাব জিতলেন তিনি।

❑ সব ধরনের ফুটবল থেকে অবসর নিলেন রিয়াল মাদ্রিদের প্রাক্তন তারকা ফরোয়ার্ড ও ওয়েলসের অধিনায়ক গ্যারেথ বেল।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# বিশ্বের দীর্ঘতম প্রমোদতরী গঙ্গা বিলাস

**১৩ জানুয়ারি, ভিডিও কনফারেন্সের মাধ্যমে উত্তর প্রদেশের বারাণসী থেকে বিশ্বের দীর্ঘতম প্রমোদতরী 'এমভি গঙ্গা বিলাস'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গঙ্গা বিলাসের এই উদ্বোধনী যাত্রায় প্রায় সবাই (৩২ জন) সুইৎজারল্যান্ডের পর্যটক বলে জানানো হয়েছে। একনজরে এই প্রমোদতরী সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য।**

❑ বারাণসী থেকে গঙ্গার ওপর দিয়ে বিহার, ঝাড়খণ্ড পেরিয়ে পশ্চিমবঙ্গে আসবে এই বিলাসবহুল রিভার ক্রুজ। তারপর তা বাংলাদেশের মধ্যে দিয়ে পৌঁছাবে অসমের গুয়াহাটিতে।

❑ প্রমোদতরীটি ৬২ মিটার লম্বা ও ১২ মিটার চওড়া। নদীতে ১.৪ মিটার জল থাকলে স্বচ্ছন্দে এটি যেতে পারবে।

❑ ভারতে তৈরি হওয়া এই প্রমোদতরী নদীপথে ৩,২০০ কিলোমিটার পথ পাড়ি দেবে। এই পথ পাড়ি দিতে সময় লাগবে ৫১ দিন।

❑ ৫১ দিনে মোট ২৭টি নদী পেরোবে এই প্রমোদতরী।

❑ বারাণসী থেকে বাংলাদেশ হয়ে গুয়াহাটি পৌঁছানোর পথে যাত্রীরা ৫০টি পর্যটনকেন্দ্র দেখতে পারবেন। যার মধ্যে রয়েছে ওয়ার্ল্ড হেরিটেজ সাইট, জাতীয় উদ্যান, নদী ঘাট, সারনাথ, সুন্দরবন, মাজুলি দ্বীপ, কাজিরাঙা জাতীয় উদ্যান-সহ কলকাতা, পটনা, ঢাকা ও গুয়াহাটির মতো বড় শহর।

❑ এটি হল একটি ভ্রাম্যমান পাঁচ তারা হোটেল, যেখানে ৩টি ডেক ও ১৮টি স্যুট রয়েছে। ৩৬ জন পর্যটক এতে যেতে পারবেন। এছাড়াও, ৪০ জন জাহাজ কর্মীর থাকার জায়গাও রয়েছে এখানে।

❑ গঙ্গা বিলাসে রয়েছে স্পা, সেলুন, জিম, রেস্তোরাঁ, বার, বর্জ্য জল পরিশোধনের ব্যবস্থা, দূষণ ও কোলাহল নিয়ন্ত্রণের প্রযুক্তি-সহ আরও অত্যাধুনিক সুযোগ-সুবিধা। এছাড়াও এতে রয়েছে ফিলট্রেশন প্ল্যান্ট, যার মাধ্যমে গঙ্গা থেকে জল তুলেই তা পরিশোধন করে স্নান ও অন্যান্য কাজে ব্যবহার করা যাবে। এছাড়াও, পর্যটকদের বিনোদনের জন্য রয়েছে গানবাজনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থাও।

